আরও চাকরির খবর ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765 ★

ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'
সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৩ কলকাতা বুধবার, ৫ অগস্ট ২০২৬/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ১৯ শ্রাবণ ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

### আই বি পি এস-এর মাধ্যমে দেশের ১০ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে

# ১১০৪৩ কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট

দেশের ১০টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১,০৪৩ জন কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট (ক্লার্ক) নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস'-এর প্রিলিমিনারি পরীক্ষা হবে অক্টোবর এবং মেন পরীক্ষা হবে ডিসেম্বরে। পরীক্ষার আয়োজক ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন, প্রার্থীকে সেই এলাকার স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে বাংলাভাষী পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৯৪৬টি শূন্যপদের বিষয়ে বিশদে জানানো হল।

১০টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। ব্যাঙ্কগুলি হল: ব্যাঙ্ক অব বরোদা, ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ব্যাঙ্ক অব মহারাষ্ট্র, কানাড়া ব্যাঙ্ক, সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, ইউকো ব্যাঙ্ক। এর মধ্যে যে-কোনও একটি ব্যাঙ্কে যোগ দিতে চাইলে আগে এই পরীক্ষায় সফল হতে হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। আগামী এক বছর এই স্কোর কার্ড বৈধ থাকবে।

**ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: পশ্চিমবঙ্গ: ব্যাঙ্ক অব বরোদা:** ১৫টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৪, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব মহারাষ্ট্র:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** ১০৫টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৪টি শূন্যপদ যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের জন্য সংরক্ষিত থাকবে। **সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** ১৫০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৪৯, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৫, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৭টি শূন্যপদ যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের জন্য সংরক্ষিত থাকবে। **ইন্ডিয়ান ব্যাঙ্ক:** ১৭০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ৯, ও

*এরপর দুয়ের পাতায়*

## ভারত পেট্রোলিয়ামে ১৫৪

বিভিন্ন শাখায় ১৫৪ জন প্রসেস টেকনিশিয়ান, প্রসেস অপারেটর/অপারেটর (কেমিক্যাল), টেকনিশিয়ান/অপারেটর ও টেকনিশিয়ান নেবে ভারত পেট্রোলিয়াম। এটি কেন্দ্রের পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে মুম্বই ও কোচি রিফাইনারিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BPCL. HR.ER.03.NMGT.RECT.

শাখা অনুসারে শূন্যপদের

*এরপর চারের পাতায়*

## ইসরোয় ৪০৬ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন ট্রেডে ৪০৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রীয় সরকারের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও সংশোধনী অ্যাক্ট, ১৯৭৩ অনুসারে গ্র্যাজুয়েট, টেকনিশিয়ান (ডিপ্লোমা) ও কমার্শিয়াল প্র্যাকটিস ক্যাটেগরিতে ইউ আর রাও স্যাটেলাইট সেন্টারে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: URSC: 03:2026.

**শাখা অনুসারে আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং: ৪০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: ৮৩টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৫০টি। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১৫টি। ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট: ১০টি। অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি। অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১২,৩০০ টাকা।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং: ৩০টি। ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৩৮টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৩০টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি। সিভিল ইঞ্জিনিয়ারিং: ৫টি। ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১০,৯০০ টাকা।

**কমার্শিয়াল প্র্যাকটিস:** ৭০টি।

*এরপর চারের পাতায়*

## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৫৪৫

### লোকাল ব্যাঙ্ক অফিসার

দেশ জুড়ে ৫৪৫ লোকাল ব্যাঙ্ক অফিসার নেবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট মোট ৮০টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

শূন্যপদের বিন্যাস: সাধারণ ২৮, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ১০। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে অবশ্যই বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। পাশাপাশি, ৯-৮-২০২৬ তারিখ অনুসারে স্বীকৃত কোনও ব্যাঙ্কে ক্লার্ক বা অফিসার ক্যাডারে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। *এরপর চারের পাতায়*

## এয়ারপোর্টসে ১৪০ অ্যাপ্রেন্টিস

১৪০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে কলকাতা, বাগডোগরা, ভুবনেশ্বর-সহ পূর্বাঞ্চলের ১০টি এয়ারপোর্টে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 01/2026/

*এরপর দুয়ের পাতায়*

## ইসরোতে সায়েন্টিস্ট

### গেট পরীক্ষায় বৈধ স্কোর থাকতে হবে

বিভিন্ন শাখায় ৮৭ জন সায়েন্টিস্ট/ইঞ্জিনিয়ার নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে বিভিন্ন ইউনিটে। প্রার্থী বাছাই করবে ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড। প্রার্থীকে অবশ্যই গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: **ইলেক্ট্রনিক্স:** ৩৪টি। **মেকানিক্যাল:** ২৬টি। **কম্পিউটার সায়েন্স:** ১৩টি। **সিভিল:** ১০টি। **ইলেক্ট্রিক্যাল:** ৪টি।

তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা ৬.৮৪ সিজিপিএ গ্রেড-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

*এরপর চারের পাতায়*

## কলকাতা এয়ারপোর্টে অ্যাপ্রেন্টিস

৩২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া। ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে কলকাতার নেতাজি সুভাষ চন্দ্র বোস ইন্টার-ন্যাশনাল এয়ারপোর্টে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দারাই আবেদন করবেন। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 1/2026/ AAC/ APPRENTICE-GRADUATE/ DIPLOMA/

*এরপর চারের পাতায়*

স্বনির্ভরতার সন্ধান

## সুগন্ধী তৈরি উপার্জনের পথ দেখাচ্ছে

**সম্পূর্ণ অরগ্যানিক পদ্ধতিতে পারফিউম তৈরির প্রশিক্ষণ নিয়ে ঘরোয়াভাবে মনোমতো সুগন্ধির ব্যবসা শুরু করতে পারেন। উপার্জন ভালোই হবে।**



নিজস্ব প্রতিনিধি: বাজারে নানা ধরনের সুগন্ধী পাওয়া যায়। কিন্তু যেটি পছন্দ, ঠিক সেই গন্ধটি কি সব সময় বাজারে মেলে? কারও কারও ত্বকে আবার রাসায়নিক উপাদান দেওয়া সুগন্ধী সহ্য হয় না। তবে এসবের সমাধান আছে! মনোমতো আর ত্বকের প্রতি যত্নশীল সুগন্ধীও তৈরি করে নেওয়া যায়। এর জন্য পেশাদাররা আছেন। তাঁরা ক্রেতার পছন্দ জেনে নিয়ে সেই মতো পারফিউম বা আতর তৈরি করে দেন।

ঘরোয়া ভাবে এবং ক্রেতার পছন্দ অনুযায়ী কাস্টমাইজড পারফিউম তৈরি করে আপনিও বিক্রি করতে পারেন। তবে এর জন্য প্রশিক্ষণ নেওয়া জরুরি।

### কোথায় প্রশিক্ষণ

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট সুগন্ধী তৈরির প্রশিক্ষণ দেয়। এই কোর্সে পারফিউম তৈরির পাশাপাশি শেখানো হয় মিঠা আতর, টয়লেট ফ্রেশনার, অগুরু

*এরপর চারের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

**Hiring Sr. Adviser for Part-Time** role in Reputed MNC from Defence/ Govt/ PSU/ Bank. Good Earning. Age 45-65, HS/Graduate. 94331-89588.

□

অবসরপ্রাপ্ত-Bank/গভঃ/Pvt/PSU/ রেল/ গৃহবধূ/ কর্মপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 98311-44909.

□

অবসরপ্রাপ্ত জীবনে আবার নতুন কিছু শুরু করে সম্মান আর উপার্জন পেতে কলকাতার অফিসে আসুন। সরাসরি Co. থেকে সব সুবিধা পাবেন। ম্যানেজার- 97488-70286.

□

ITI পাশ ফিটার/ফেব্রিকেটর ও অটো-ক্যাড ড্রাফটসম্যান/ ডিজাইনার (2D/3D) চাই। অভিজ্ঞতা 10 বছর। স্থান: হাওড়া। যোগাযোগ: 89810-03931 (WApp)

□

সোনার দোকানে দুবছরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলার প্রয়োজন। (সিঁথি মোড় Anjeliya) Ph-98301-51632.

□

নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন দেশের সর্ব বৃহৎ এবং বিশ্বস্ত সংস্থার সাথে। যোগ্যতা: উচ্চমাধ্যমিক, Fixed + Bonus. যোগাযোগ: 70035-34060.

□

## কর্মখালি

**Hiring – Electronics Company** (Howrah) 1) Technical Associate, Dip in Electrical/ Electronics, 10+ yrs. Exp. PLC systems, wiring Dgrm, New circuit Develop. 2) Manager – Production, QC & Operation Exp. in Electronics manufacturing Production, QC, Operations, Mob: 79088-18117.

□

**Editor চাই**

**Physics ও Botany-তে Post** Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন: rayandmartin6@gmail.com-এ। কর্মস্থান: 10 রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. Salary - 20000/- (CTC)

□

**Pharma Co. Kolkata. Manager** (Sales & Ops, 5 + Yrs. Exp.) MR, Digital Marketing expert. Send CV: 82405-46942/ primehealthpurchase@gmail.com

□

**Required a Fresh Science** Graduate AND a Draftsman Kolkata Adjacent Area in a Electrical Firm In Narendrapur, Mali With CV to mailinduction@gmail.com

□

**সংসার 4 জন ও কুকুর।** রান্না ডাস্টিং বাদে সমস্ত কাজে অভিজ্ঞ, পরিচ্ছন্ন, কর্মঠ পিছুটানহীন 35-45 পড়তে জানা মহিলা চাই। ভালো থাকা + খাওয়া + মাহিনা। 74390-95618.

□

## কর্মখালি

অবসরপ্রাপ্ত সেন্ট্রাল/ স্টেট গভঃ/ Bank/Rail/CIL/GSI/ONGC/ IOCL/DVC দের কলি কর্পোরেট হাউসে Manager পদে নিয়োগে (40-70) Graduate. Ph: 7595 837 444

□

**REQUIRE exp telecaller (M/F) on** home apliance com. Fresher also welcome Salary 10-25k + TA + Incentive + PF + ESI. Dunlop. 98303-39599.

□

**MNC needs Managers Part/ Full** Time (25-69yr) Salary + Bonus + PF + Ex-gratia + PDA etc. Retd/ VRS/ Bankers/ Ex-Army/ PSU/ Housewife. 78604-03464.

□

**Brainlac Heritage School,** Sarisha, Requires Principal, all Subjects Teacher & Physical Education Teacher. Apply to: brainiacheritageschool@gmail.com, Contact: 83488-11020.

□

**Private Ltd. Co. কর্মী প্রয়োজন-1.** Service Technician I.T.I. 2/3 Experience, 2. Office Boy/Peon- 50-র নীচে, 3. Security 50-র নীচে। Company-র Payroll ও Benefits. Phone/Wapp- 62914-40382.

□

**Reputed Co. needs Retd/VRS/** গৃহবধূ for MNGR. 26-73 yr, HS+. Salary upto 60K + PF + Mediclaim + TA. No Target. 2hr/3day অফিস জব। 98361-62116.

□

## কর্মখালি

হোটেলে সর্বক্ষণের কর্মী লাগবে পুরীতে, থাকা + খাওয়া-সহ 12000/-। Contact : 79800-00237.

□

স্বগৃহে **Project E Book** দেখে হাতে লিখে/ল্যাপটপ, Comp, স্মার্ট ফোনে ডেটা এন্ট্রি টাইপ/ফর্ম ফিলিং কাজ করে প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 94326-95855/ 98364-12375.

□

প্যাকিং-এর কাজের জন্য অল্পবয়স্ক কর্মঠ ছেলে ও কিচেন চিমনি সার্ভিসিং-এর কাজ জানা আউটডোর টেকনিশিয়ান চাই। বেতন- 12K-15K. Send C.V to WhatsApp: 98302-43867.

□

টালিগঞ্জে ট্যুর ট্রাভেলস্ ও ইঞ্জিন ডিটেলের জন্য অটোমোবাইল ড্রাইভিং জানা দক্ষ লোক চাই, ইংলিশ হিন্দি পারদর্শী। 2 & 4 হুইলারের জ্ঞান অগ্রগণ্য 98300-60569/ 93303-37223.

□

**S.S. Enterprise Wanted Graduate Civil Engineer (B.E./** B.Tech) for Assam with 8-10 yrs exp. Auto CAD, STAAD.pro, BBS, Billing & Estimation. CV : mrjitu786@ gmail.com/ Whats App: 70021-16251.

□

**Chutil Dot Com Tour & Travels** অপারেশনস ও সেলস এক্সিকিউটিভ পদে কর্মী নিয়োগ। যোগ্যতা: স্নাতক, কম্পিউটারের জ্ঞান অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার CV পাঠান (Wapp) 97487-16898.

□

## কর্মখালি

**Govt/PSU/Bank/Retd/VRS** (40-65, Graduate) কর্মপ্রার্থীদের জন্যে সম্মানের সহিত উচ্চ আয়ের সুযোগ প্রতিষ্ঠিত Banking Group কলকাতা অফিসে। Ph: 97331-05157.

□

হাওড়া মল্লিক ফটকে রেডিমেড কাপড়ের দোকানে পুরুষ কাজের লোকের প্রয়োজন। বয়স ১৭ থেকে ৪০ এর মধ্যে। বাড়ী $1^1/_2$ KM মধ্যে। Mob : 70447-53845.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

১২ অগস্ট কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

**Civil Draftsman (Male) Auto Cad** exp. must (age below 35) & Accountant reqd. for reputed construction company at College Street, prabiroffic8@gmail.com

□

অফিসে বসে অভিজ্ঞতা ও যোগাযোগের দ্বারা জনকল্যানমূলক কাজে নিজেকে প্রতিষ্ঠিত করুন। (35-67, HS+). অবসরপ্রাপ্ত ও গৃহিনীরা অগ্রগণ্য। 62954-60095/ 98306-27848.

□

**Need a Site Supervisor (B.Sc) and** a Project Manager for the Road Construction under the Govt. Contractor-Diploma / Degree in Civil Engineering. 84201-12020.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়-সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# আই বি পি এস-এর মাধ্যমে দেশের ১০ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১০৪৩

*প্রথম পাতার পর*

বি সি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৬টি শূন্যপদ যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের জন্য সংরক্ষিত থাকবে। **ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক:** ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, ও বি সি ৩, আর্থিক ভাবে ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক:** ৪১৫টি (সাধারণ ১৬৮, তফসিলি জাতি ৯৫, তফসিলি উপজাতি ২০, ও বি সি ৯১, আর্থিক ভাবে অনগ্রসর ৪১)। এর মধ্যে ১৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৪২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৯টি শূন্যপদ যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** ৫টি (সাধারণ ৩, ও বি সি ২)। **ইউকো ব্যাঙ্ক:** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। এর পাশাপাশি কম্পিউটার অপারেশনস বা কম্পিউটার ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা স্কুল বা কলেজে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

প্রার্থী যে-কোনও একটি রাজ্যের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন করতে পারেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পেয়ে থাকেন। বিধবা বা বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৭ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা।

অনলাইন পরীক্ষা হবে দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬। প্রিলিমিনারি পরীক্ষা ১০ ও ১১ অক্টোবর (সম্ভাব্য)। প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, বর্ধমান, হুগলি, কল্যাণী, দুর্গাপুর ও শিলিগুড়ি। মেন পরীক্ষা ২৭ ডিসেম্বর (সম্ভাব্য)। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, কল্যাণী, দুর্গাপুর ও শিলিগুড়ি।

প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস (৫০), জেনারেল ইংলিশ (৪০), রিজনিং এবিলিটি (৬০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০)। বিষয় প্রতি সময়সীমা যথাক্রমে ২০ মিনিট, ৩৫ মিনিট, ৩৫ মিনিট ও ৩৫ মিনিট। উভয় ক্ষেত্রেই ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-চতুর্থাংশ নম্বর কাটা যাবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২১ অগস্ট পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

মনে রাখবেন, দরখাস্ত করার সময় আপলোড করতে হবে জে পি জি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা এই সব নথি— হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা নিজের পাসপোর্ট মাপের একটি সাম্প্রতিক রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সাদা কাগজে কালো কালির পেনে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে)। এ ছাড়াও মাধ্যমিকের সার্টিফিকেট স্ক্যান করে পি ডি এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে (৫০০ কেবি সাইজের মধ্যে)।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মী, যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর পরিজনদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেট বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

দরখাস্ত সংশোধন করা যাবে ২২ ও ২৩ অগস্ট।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিগোয় ট্রেনি কেবিন ক্রু

## দার্জিলিংয়ে ইন্টারভিউ ১১ অগস্ট

নিজস্ব প্রতিনিধি: কেবিন ক্রু নেবে বিমান পরিবহণ সংস্থা ইন্ডিগো। উচ্চ মাধ্যমিক পাশ তরুণীরা আবেদনের যোগ্য। অনভিজ্ঞরাও আবেদন করতে পারেন। প্রার্থী বাছাইয়ের জন্য ইন্টারভিউ আয়োজিত হবে দার্জিলিংয়ে, ১১ অগস্ট। ফ্রেশারদের ট্রেনি কেবিন ক্রু পদে চাকরি হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

যে-কোনও শাখার উচ্চ মাধ্যমিক পাশ তরুণীরা দৈহিক উচ্চতা অন্তত ১৫৫ সেমি হলে আবেদন করতে পারেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। ইংরেজি ও হিন্দি বলায় স্বচ্ছন্দ হতে হবে। প্রার্থীর ভারতীয় পাসপোর্ট থাকতে হবে।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা এখনও জানানো হয়নি। আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: https://www.goindigo.in/careers/hiringevents/inflightservicesevents.html এই ওয়েবসাইটের মাধ্যমেই আবেদন করা যাবে।

# এয়ারপোর্টসে ১৪০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ER/APPRENTICE.

**আসন সংখ্যার বিবরণ:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৩৫টি। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা।

আই টি আই ট্রেড অ্যাপ্রেন্টিস: ৭০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা এন সি ভি টি কোর্স পাশ।

২০২৪-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে প্রতি মাসে ১৫,০০০ টাকা, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে প্রতি মাসে ১২,০০০ টাকা এবং আই টি আই ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে প্রতি মাসে ৯,৬০০ টাকা।

প্রশিক্ষণ দেওয়া হবে এই সব এয়ারপোর্টে: কলকাতা, ভিএসআই এয়ারপোর্ট (আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ), বাগডোগরা, গয়া, পাটনা, রাঁচি, রায়পুর, ভুবনেশ্বর, পাকইয়ং এবং ঝাড়সুগুড়া।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটগুলির মাধ্যমে: গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে: https://nats.education.gov.in আই টি আই ট্রেডের ক্ষেত্রে: https://www.apprenticeshipindia.gov.in এরপর ওই ওয়েবসাইটেই এস্টাব্লিশমেন্ট সার্চ অপশনে গিয়ে যে-এয়ারপোর্টে প্রশিক্ষণ নিতে চান সেটির এস্টাব্লিশমেন্ট আই ডি লিখে সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। আবেদনের শেষ তারিখ এখনও জানানো হয়নি।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.aai.aero

# রেলে ৬০০ প্যারামেডিক্যাল কর্মী

নিজস্ব প্রতিনিধি: রেলে প্যারামেডিক্যাল কর্মীর ৬০০ শূন্যপদ পূরণের উদ্যোগ নিল রেল বোর্ড। জোনাল রেল ও ভারতীয় রেলের প্রোডাকশন ইউনিটগুলির জেনারেল ম্যানেজারদের কাছে এ বিষয়ে রেল বোর্ডের বার্তা পৌঁছেছে। এবার রেলওয়ে বোর্ডগুলির তরফে সম্মিলিত ভাবে সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস প্রকাশ করা হবে।

জোনাল রেল ও রেলের প্রোডাকশন ইউনিটগুলির কাছ থেকে পাওয়া শূন্যপদের হিসেব যাচাই করে ক্যাটেগরি অনুসারে অনুমোদিত শূন্যপদের সংখ্যাও জানিয়ে দিয়েছে রেল বোর্ড।

পদের ক্যাটেগরি অনুযায়ী শূন্যপদ: নার্সিং সুপারিন্টেন্ডেন্ট ৩৭২টি, ফার্মাসিস্ট (এন্ট্রি গ্রেড) ১২০টি, ডায়ালিসিস টেকনিশিয়ান ১টি, ইসিজি টেকনিশিয়ান ৪টি, ল্যাব টেকনিশিয়ান গ্রেড-টু ৩১টি, এক্স-রে টেকনিশিয়ান ২৫টি, হেল্‌থ ও ম্যালেরিয়া ইনস্পেক্টর গ্রেড-টু ৩টি, অপ্টোমেট্রিস্ট ২টি, অডিওলজিস্ট ও স্পিচ থেরাপিস্ট ২টি।

আগ্রহীদের জরুরি অবগতির জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত হবে।

# ভাথিন্ডা এইমসে ৭৭ অধ্যাপক

বিভিন্ন শাখায় ৭৭ জন প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে পঞ্জাবের ভাথিন্ডার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/BTI/RC/Faculty/2026/2373.

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ১৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৬)। নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানাটমি, অ্যানেস্থেশিয়োলজি, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, ডেন্টিস্ট্রি, ইএনটি, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, মাইক্রোবায়োলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, পেডিয়াট্রিক্স সার্জারি, পেডিয়াট্রিক্স, ফার্মাকোলজি, পালমোনারি মেডিসিন, রেডিয়োলজি, ইউরোলজি।

**অ্যাডিশনাল প্রফেসর:** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানেস্থেশিয়োলজি, প্যাথলজি, ফিজিয়োলজি, নিউক্লিয়ার মেডিসিন, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক।

**অ্যাসোসিয়েট প্রফেসর:** ২৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানাটমি, অ্যানেস্থেশিয়োলজি, কার্ডিয়োলজি, ডার্মাটোলজি, ইএনটি, গ্যাসট্রোএন্টারোলজি, জেনারেল সার্জারি, মেডিক্যাল অঙ্কোলজি/হেমাটোলজি, নেওন্যাটোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অর্থোপেডিক্স, অপথ্যালমোলজি, ফিজিয়োলজি, রেডিয়োলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি (ইমার্জেন্সি মেডিসিন)।

**অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ৩২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানেস্থেশিয়োলজি, কার্ডিয়োলজি, সিএফএম, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, গ্যাসট্রোএন্টারোলজি,, জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, মেডিক্যাল অঙ্কোলজি অ্যান্ড হেমাটোলজি, নেওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অর্থোপেডিক্স, পেডিয়াট্রিক সার্জারি, পেডিয়াট্রিক্স, পালমোনারি মেডিসিন, রেডিয়োলজি, সার্জিক্যাল গ্যাসট্রোয়েন্টেরোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি (ইমার্জেন্সি মেডিসিন, ট্রমা সার্জারি), ইউরোলজি।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২১-৮-২০২৬ তারিখে প্রফেসর ও অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ৫৮ বছর এবং অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫০ বছরের মধ্যে হতে হবে।

তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। প্রার্থী বাছাই করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

**বেতনক্রম:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৬৮,৯০০-২,২০,৪০০ টাকা, অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৮,২০০-২,১১,৪০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৮,৩০০-২,০৯,২০০ টাকা ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০-১,৬৭,৪০০ টাকা।

প্রথমে অনলাইন দরখাস্ত করতে হবে এই গুগল লিংকের মাধ্যমে: https://forms.gle/mCrJikTZRih6o6mF7 দরখাস্তের শেষ তারিখ ২১ অগস্ট। যথাযথ ভাবে দরখাস্ত পূরণের পর এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২,৩৬০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,১৮০ টাকা)। অনলাইনে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিটের প্রিন্ট আউট নিয়ে নেবেন। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

এরপর দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.aiimsbathinda.edu.in পূরণ করবেন যথাযথ ভাবে।

প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্ব-প্রত্যয়িত নকল, ফি জমা দেওয়ার নথি (প্রযোজ্য ক্ষেত্রে)-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF......... DEPTT. OF ..................'. শূন্যস্থান যথাযথ ভাবে পূরণ করবেন।

দরখাস্ত ২৮ অগস্টের মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Recruitment Cell, Administrative Block, Mandi Dabwali Road, AIIMS, Bathinda-151001, Punjab.

শিক্ষাগত যোগ্যতা-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiimsbathinda.edu.in

## সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্সে
# বিভিন্ন পদে চাকরি

বিভিন্ন পদে ৬১ জন কর্মী নেবে সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্স। এটি কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দফতরের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SINP/Estt./Advt./11/2026.

**শূন্যপদের বিবরণ: সায়েন্টিস্ট 'সি':** ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা অপটিক্স বা ফোটোনিক্স বা ইলেক্ট্রনিক্সে এম এসসি। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৩ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-১০। সব কটি পদ সাধারণ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'বি':** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং বা হিটিং, ভেন্টিলেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-৬।

**টেকনিশিয়ান 'বি':** ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেইন্টেন্যান্স বা ওয়েল্ডিং বা ড্রাফটসম্যানশিপ (সিভিল) বা কার্পেন্ট্রি বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রিশিয়ান অ্যান্ড ওয়্যারম্যান বা রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং টেকনিশিয়ান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক এমবেডেড সিস্টেমস অ্যান্ড পি এল সি বা কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে ১ বছরের আইটিআই পাশ। পাশাপাশি, সংশ্লিষ্ট ট্রেডে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-৩।

**লোয়ার ডিভিশন ক্লার্ক:** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-২।

**সিকিউরিটি গার্ড 'এ':** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা। এনসিসি বা প্রাক্তন সমরকর্মী হলে অগ্রাধিকার। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-১।

**ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট 'এ':** ১১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-১।

**কুক:** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ক্যাটারিংয়ে সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা। সরকারি প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম পে কমিশন অনুসারে লেভেল-১।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত আছে।

বয়সের ক্ষেত্রে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ট্রেড টেস্ট বা স্কিল টেস্টের মাধ্যমে। সিকিউরিটি গার্ড পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.saha.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

দরখাস্ত করা যাবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিট করার পর এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ফি বাবদ দিতে হবে সায়েন্টিস্ট ও সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং বাকি সবক'টি পদের ক্ষেত্রে ৩০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্ত ও প্রয়োজনীয় নথিপত্র পিডিএফ ফর্ম্যাটে ১৮ সেপ্টেম্বরের মধ্যে মেল করতে হবে এই আইডি-তে: recruit.staff@saha.ac.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে
# ৮৬ ম্যানেজমেন্ট ট্রেনি

বিভিন্ন শাখায় ৮৬ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৬০২২০২৬।

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: পোস্ট কোড MTCHEM/022026: কেমিক্যাল:** ৩২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা পেট্রোকেমিক্যাল টেকনোলজিতে ৩ বা ৪ বছরের বি.ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ডিপ্লোমা থাকতে হবে। পূর্ণ সময়ের ডুয়াল বা ইন্টিগ্রেটেড ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**পোস্ট কোড MTB0I/022026: বয়লার:** ৬টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা মেকানিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল শাখায় ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে। পূর্ণ সময়ের ডুয়াল বা ইন্টিগ্রেটেড ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। পাশাপাশি, বয়লার অপারেশন ইঞ্জিনিয়ার্স সার্টিফিকেট বা বয়লার প্রফিসিয়েন্সি সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড MTMECH/022026: মেকানিক্যাল:** ৪টি (সাধারণ ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে। পূর্ণ সময়ের ডুয়াল বা ইন্টিগ্রেটেড ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**পোস্ট কোড MTELE/022026: ইলেক্ট্রিক্যাল:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার বা ইলেক্ট্রিক্যাল পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে। পূর্ণ সময়ের ডুয়াল বা ইন্টিগ্রেটেড ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**পোস্ট কোড MTINST/022026: ইনস্ট্রুমেন্টেশন:** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে। পূর্ণ সময়ের ডুয়াল বা ইন্টিগ্রেটেড ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**পোস্ট কোড MTIT/022026: ইনফর্মেশন টেকনোলজি:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন বা টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে। পূর্ণ সময়ের ডুয়াল বা ইন্টিগ্রেটেড বা অ্যালায়েড ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**পোস্ট কোড MTFIN/022026: ফিনান্স:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সিএ বা সিএমএ। অথবা বি কম বা বিএমএস বা বিএএফ বা বিবিএ। সেই সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা এমএমএস বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট বা সমতুল স্নাতকোত্তর ডিগ্রি।

**পোস্ট কোড MTMKTG/022026: মার্কেটিং:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা এগ্রিকালচারে স্নাতক-সহ এমবিএ (স্পেশ্যালাইজেশন বা প্রধান বিষয় মার্কেটিং) বা এমএমএস (স্পেশ্যালাইজেশন বা প্রধান বিষয় মার্কেটিং) বা এমবিএ (এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট) বা এমবিএ (এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট) বা এমবিএ (এগ্রিকালচার)। এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট বা এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট বা এগ্রিকালচার বা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস ম্যানেজমেন্ট বা ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে।

প্রার্থীকে সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর বা সমতুল সিজিপিএ বা ওজিপিএ গ্রেড পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-২-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com

এখনও বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# 'ক্যাট' পরীক্ষা ২৯ নভেম্বর

ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্স ও ফেলো প্রোগ্রামে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'ক্যাট' (কমন অ্যাডমিশন টেস্ট-২০২৬) আয়োজিত হবে ২৯ নভেম্বর।

অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ৩ অগস্ট থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। উল্লেখ্য, কলকাতা-সহ দেশের ২২টি আই আই এম (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট)-এ ভর্তির জন্য 'ক্যাট' স্কোরের প্রয়োজন হয়।

এই স্কোর বৈধ থাকবে ২০২৭-এর ৩১ ডিসেম্বর পর্যন্ত।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। যাঁরা ব্যাচেলর্স ডিগ্রির ফাইনাল পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা আয়োজিত হবে দেশ জুড়ে। রাজ্যে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৪ থেকে ২৯ নভেম্বর পর্যন্ত।

পরীক্ষার ফল ঘোষিত হবে জানুয়ারির প্রথম সপ্তাহ নাগাদ।

আবেদনের ফি ২,৭০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,৩৫০ টাকা)।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.iimcat.ac.in

# সর্দার বল্লভভাই পটেল বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ৬৫ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে উত্তরপ্রদেশের সর্দার বল্লভভাই পটেল ইউনিভার্সিটি অব এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি। নিয়োগ করা হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিভিন্ন কলেজে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: VII/2026.

**নিয়োগ করা হবে এই সমস্ত কলেজ ও বিভাগে: কলেজ অব হর্টিকালচার:** পোস্ট হার্ভেস্ট টেকনোলজি, প্ল্যান্ট প্রোটেকশন-প্ল্যান্ট প্যাথোলজি, ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং-ফ্লাওয়ার ব্রিডিং, ন্যাচারাল রিসোর্সেস ম্যানেজমেন্ট-অ্যাগ্রো ফরেস্ট্রি, ফ্রুট সায়েন্স-ফ্রুট ব্রিডিং, বেসিক সায়েন্স-প্ল্যান্ট ফিজিয়োলজি, ভেজিটেবল সায়েন্স-ভেজিটেবল ব্রিডিং, ভেজিটেবল সায়েন্স-ভেজিটেবল প্রোডাকশন, সোশ্যাল সায়েন্স-এগ্রিকালচারাল ইকনমিক্স।

**কলেজ অব পোস্ট হার্ভেস্ট টেকনোলজি অ্যান্ড ফুড প্রসেসিং:** ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং, ফুড প্রসেস টেকনোলজি, ফুড বিজনেস ম্যানেজমেন্ট-স্ট্যাটিস্টিক্স, ফুড বিজনেস ম্যানেজমেন্ট, ফুড প্ল্যান্ট অপারেশন-ইলেক্ট্রনিক অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ফুড প্ল্যান্ট অপারেশন-মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ডেয়ারি ইঞ্জিনিয়ারিং-মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ডেয়ারি ইঞ্জিনিয়ারিং-সিভিল ইঞ্জিনিয়ারিং, ডেয়ারি টেকনোলজি, ডেয়ারি কেমিস্ট্রি, ডেয়ারি মাইক্রোবায়োলজি।

**কলেজ অব টেকনোলজি:** ইলেক্ট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ফার্ম মেশিনারি অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, রিনিউয়েবল এনার্জি ইঞ্জিনিয়ারিং, প্রসেসিং অ্যান্ড ফুড ইঞ্জিনিয়ারিং, সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ন্যানো টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইরিগেশন অ্যান্ড ড্রেনেজ ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং।

**কলেজ অব এগ্রিকালচার:** এগ্রিকালচারাল এক্সটেনশন।

**কলেজ অব বায়োটেকনোলজি:** বায়োইনফরমেটিক্স, মাইক্রোবিয়াল অ্যান্ড এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি।

**কলেজ অব সুগারকেন সায়েন্স অ্যান্ড টেকনোলজি:** সুগারকেন ক্রপ প্রোডাকশন অ্যান্ড ক্রপ ইমপ্রুভমেন্ট-প্ল্যান্ট প্রোটেকশন, সুগারকেন ক্রপ প্রোডাকশন অ্যান্ড ক্রপ ইমপ্রুভমেন্ট-জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, সুগার ইঞ্জিনিয়ারিং-ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, সুগার ইঞ্জিনিয়ারিং-কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সুগার টেকনোলজি-অ্যালকোহল টেকনোলজি অ্যান্ড বায়োফুয়েলস, সুগার টেকনোলজি-বায়োকেমিস্ট্রি, সুগার টেকনোলজি।

**কলেজ অব ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্সেস:** ভেটেরিনারি ক্লিনিক্যাল কমপ্লেক্স-ভেটেরিনারি প্যাথোলজি, ভেটেরিনারি প্যারাসাইটোলজি, ভেটেরিনারি অ্যানাটমি, ভেটেরিনারি সার্জারি অ্যান্ড রেডিয়োলজি, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৬, তফসিলি ১২, ও বি সি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৭।

**বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.svpuat.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ অগস্ট পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)।

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট ১৭ অগস্টের মধ্যে রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Administration & Monitoring, SVP University of Agriculture & Technology, Modipuram, Meerut-250110 (U.P).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইসরোয় ৪০৬ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** কমার্শিয়াল প্র্যাকটিস শাখায় ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১০,৯০০ টাকা।

প্রার্থীকে অবশ্যই ২০২২ সাল বা তার পরে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in এরপর সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://web.umang.gov.in/landing ওয়েবসাইটের সার্চ অপশনে গিয়ে "URSC Apprenticeship" লিখে আবেদন করবেন। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। রেজিস্ট্রেশনের সময় একটি এনরোলমেন্ট নম্বর পাওয়া যাবে। এটি অবশ্যই লিখে রাখবেন।

আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো ও সই (উভয়ই ৫০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র-সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

আবেদন করা যাবে ২৮ অগস্ট পর্যন্ত।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.isro.gov.in

# সুগন্ধী তৈরি উপার্জনের পথ দেখাচ্ছে

*প্রথম পাতার পর*

এবং রুম ফ্রেশনার তৈরি। তিন মাসের মেয়াদে ১৫ থেকে ২০ দিন ক্লাস হয়। খরচ ৯,৮০০ টাকা। প্রগতি-তে এই কোর্সগুলিতে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়। হাতে-কলমে কাজ শেখার পর শিক্ষার্থী কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কীভাবে লাইসেন্স পাবেন এবং কীভাবে বিপণন করবেন, সেই সংক্রান্ত যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়। কোর্স শেষ হয়ে গেলেও যে-কোনও সময়, বিশেষ করে ব্যবসা করার সময় এখানকার ছাত্রছাত্রীদের কোনও সমস্যা হলে সম্পূর্ণ বিনামূল্যে তাঁদের পরামর্শ দেওয়া হয় এবং সমস্যার সমাধান করা হয়।

**যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২, মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

## সুগন্ধী নিয়ে উচ্চশিক্ষা

বিশ্ব জুড়ে প্রসাধনী, অ্যারোমাথেরাপি ও ফুড ফ্লেভারিং ইন্ডাস্ট্রির পরিসর বাড়ছে। ফলে বাড়ছে সুগন্ধী বিশেষজ্ঞদের চাহিদা। বিভিন্ন সুগন্ধী প্রস্তুতকারক সংস্থায় ইভালুয়েটর, ফ্রেগরেন্স টেকনিক্যাল ম্যানেজার, ফ্রেগরেন্স টেকনিশিয়ান ইত্যাদি পদে নিয়োগ করা হয়। এর জন্য নির্দিষ্ট বিষয়ে ডিগ্রি থাকা প্রয়োজন। ডিগ্রি অর্জনের জন্য উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশের পরই পড়াশোনা করা যায়। ব্যাচেলর অব সায়েন্স টেকনোলজি (বিএসসি-টেক) ইন কসমেটিকোলজি অ্যান্ড পারফিউমারি, ব্যাচেলর অব টেকনোলজি (বিটেক) ইন পারফিউমারি অ্যান্ড কসমেটিক্স, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন পারফিউমারি-সহ আরও বেশ কিছু ডিগ্রি এবং ডিপ্লোমা কোর্সে পড়ার সুযোগ রয়েছে। তবে সব ক্ষেত্রেই উচ্চ মাধ্যমিক বা সমতুল স্তরে রসায়ন পড়ে থাকতে হবে। আমাদের দেশে দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট, মুম্বই বিশ্ববিদ্যালয়, বিনায়ক গনেশ ভেজ কলেজ, কনৌজের ফ্রেগরেন্স অ্যান্ড ফ্লেভার ডেভেলপমেন্ট সেন্টার, ইনস্টিটিউট অফ কেমিক্যাল টেকনোলজি-তে এই বিষয়গুলি পড়ানো হয়। এ ছাড়াও বেশ কয়েকটি স্বীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এই বিষয়গুলি পড়ানো হয়।

# পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৫৪৫

*প্রথম পাতার পর*

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

অনলাইন লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে স্থানীয় ভাষার পরীক্ষার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে সংশ্লিষ্ট ভাষাটি পড়ে থাকলে, প্রার্থীকে ভাষার পরীক্ষা দিতে হবে না। পরীক্ষায় মোট ১৫০ নম্বরের প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর)—রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (২৫), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (২৫), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২৫), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস (৫০)। বিষয় প্রতি সময়সীমা যথাক্রমে ৩৫ মিনিট, ৩৫ মিনিট, ২৫ মিনিট, ৩৫ মিনিট ও ৫০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বর্ধমান, দুর্গাপুর, শিলিগুড়ি, কলকাতা, কল্যাণী, আসানসোল ও হাওড়া।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://pnb.bank.in দরখাস্ত করা যাবে ৯ অগস্ট পর্যন্ত। প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে সম্প্রতি তোলা রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবির মধ্যে), সাদা কাগজে কালো কালিতে করা সই (১০ থেকে ২০ কেবির মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবির মধ্যে), নিজের হাতে লেখা ডিক্লারেশন (৫০ থেকে ১০০ কেবির মধ্যে)-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। এ ছাড়াও দরখাস্তের সময় লাইভ ফটো তুলতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১,১৮০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৯ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত পেট্রোলিয়ামে ১৫৪

*প্রথম পাতার পর*

**বিবরণ:** প্রসেস টেকনিশিয়ান (কেমিক্যাল): ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমা।

**প্রসেস অপারেটর/অপারেটর (কেমিক্যাল):** ৬৪টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমা।

**টেকনিশিয়ান/অপারেটর (মেকানিক্যাল):** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল):** ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম বা ইলেক্ট্রিক্যাল (ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

প্রার্থীকে সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর বা সমতুল সিজিপিএ বা ওজিপিএ গ্রেড পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে ১-৭-২০২৬ তারিখ অনুসারে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা বা সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৬,৫০০-৩৪,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, দক্ষতা যাচাইয়ের পরীক্ষা বা প্রফিসিয়েন্সি টেস্ট ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে সেপ্টেম্বরে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ডোমেন নলেজ (৬০ নম্বর), জেনারেল অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) বিষয়ে। ২ ঘণ্টার পরীক্ষা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bharatpetroleum.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ অগস্ট পর্যন্ত।

অনলাইন মাধ্যমে দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫৯০ টাকা। তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা এয়ারপোর্টে অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ITI(TRADE)/AAI-NSCBI AIRPORT.

শাখা অনুসারে আসনসংখ্যার বিবরণ: **সিভিল:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৪টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৫টি। **ইলেক্ট্রিক্যাল:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৫টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৬টি, ট্রেড অ্যাপ্রেন্টিস: ২টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৩টি। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৩টি। **ইনফর্মেশন টেকনোলজি:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা বা এনসিভিটি স্বীকৃত আইটিআই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ২৪-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। মনে রাখবেন, ২০২২-এর আগে যোগ্যতামাণ নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে প্রতি মাসে ১৫,০০০ টাকা, ডিপ্লোমাপ্রাপ্তদের ক্ষেত্রে প্রতি মাসে ১২,০০০ টাকা ও আই টি আই পাশ প্রার্থীদের ক্ষেত্রে প্রতি মাসে ১০,৫৬০ টাকা।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্টার করতে হবে নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। ওয়েবসাইটগুলি হল: গ্র্যাজুয়েট ও ডিপ্লোমাপ্রাপ্তদের ক্ষেত্রে: https://nats.education.gov.in, আই টি আইয়ের ক্ষেত্রে: https://www.apprenticeshipindia.gov.in রেজিস্ট্রেশনের পর ওই ওয়েবসাইটে সার্চ অপশনে গিয়ে লিখবেন গ্র্যাজুয়েট ও ডিপ্লোমাপ্রাপ্তদের ক্ষেত্রে: Establishment No. EWBPNC000002 এবং আই টি আই পাশদের ক্ষেত্রে: Establishment No. E06161900020 ও সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করবেন। আবেদনের শেষ তারিখ ২৪ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের আরও জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইসরোতে সায়েন্টিস্ট

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখাও গ্রাহ্য হবে। পাশাপাশি, গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে ও পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স:** ১৭-৮-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মূল বেতন:** ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৭ অগস্ট পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। অনলাইনে ভারতকোষ পোর্টালের সাহায্যে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না। দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# অর্থকরী ভেষজ উদ্ভিদ ঘৃতকুমারী



**প্রসাধন সামগ্রী থেকে ওষুধ তৈরি— নানা প্রয়োজনে কাজে লাগছে ঘৃতকুমারী বা অ্যালোভেরার পাতা। অত্যন্ত উপকারী এই ভেষজ গাছটির বিপুল বাণিজ্যিক সম্ভাবনা থাকাতেই অ্যালোভেরার চাষে উৎসাহ দেখাচ্ছেন কৃষকেরা। অ্যালোভেরা চাষের নানা খুঁটিনাটি বিষয় জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**



ঘৃতকুমারী বা অ্যালোভেরা নামক ভেষজ গাছটি বর্তমানে অর্থকরী ফসল হিসেবে প্রবল জনপ্রিয়তা অর্জন করেছে। এর বহুল ব্যবহারের জন্যই বাজারে এই উদ্ভিদের চাহিদা এখন তুঙ্গে। ফলে অ্যালোভেরার বাণিজ্যিক চাষে এগিয়ে আসছেন কৃষক, কৃষক-স্বনির্ভর গোষ্ঠী এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি। ভারতের রাজস্থান, অন্ধ্রপ্রদেশ, গুজরাত এবং তামিলনাড়ুর মতো রাজ্যগুলিতে অ্যালোভেরার বাণিজ্যিক চাষ শুরু হয়ে গেছে। এই রাজ্যেও ঘৃতকুমারী ভেষজ উদ্ভিদ হিসেবে চাষ করা হচ্ছে।

### অ্যালোভেরার ব্যবহার

ঘৃতকুমারীর রসালো পাতায় উৎপন্ন স্বচ্ছ জেলির মতো পদার্থই ব্যবহারের উপযোগী অংশ। এর থেকেই নানান রকমের প্রসাধন সামগ্রী, ওষুধ এবং খাবার তৈরি করা হয়, বাণিজ্যিক দিক থেকে যেগুলির অসীম গুরুত্ব রয়েছে। ঘৃতকুমারীর পাতায় থাকা জেলির মতো পদার্থের মধ্যে রয়েছে সি-গ্লাইকোসাইড নামে এক ধরনের যৌগ। এটির নাম অ্যালোইন, যা ওষুধ ও প্রসাধনীর প্রধান উপাদান। ঘৃতকুমারীর পাতায় উৎপন্ন জেলির মতো পদার্থের মধ্যে আর্দ্রতা ও শীতলতা থাকায় ময়েসচারাইজিং ক্রিম, স্কিনটোনার, শ্যাম্পু, হেয়ার টনিক, লোশন এবং ফেসওয়াশ তৈরিতে তা ব্যবহার করা হয়। দেহের ত্বকের উপরিভাগে তৈরি হওয়া বলিরেখা সারাতেও এই জেল কাজে লাগে। ঘৃতকুমারীর পাতা কাজে লাগে অ্যান্টিসেপটিক ক্রিম তৈরিতেও । এ ছাড়াও ঘৃতকুমারীর জুস বা রস পানীয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে বাণিজ্যিক ভাবে অ্যালোভেরার চাষ করে কৃষক এবং উদ্যোগী গোষ্ঠীরা লাভবান হতে পারেন।

### কোন মাটিতে চাষ

সুনিকাশিযুক্ত দোঁয়াশ মাটি অ্যালোভেরা চাষের জন্য আদর্শ। মাটির পিএইচ মান ৬.৫-৭.৫ হতে পারে। গাছটির কিছুটা খরা সহনক্ষমতা থাকলেও গোড়ায় জল জমা একদম সহ্য করতে পারে না।

### কেমন জলবায়ু দরকার

উষ্ণ ও আর্দ্র, এমনকী শুষ্ক আবহাওয়াতেও সহজেই অ্যালোভেরা গাছ জন্মাতে পারে। ৭৫-২০০ মিলিমিটার বৃষ্টিপাত দরকার। তবে তুষারপাত এবং শীতকালীন ঠান্ডা আবহাওয়া এর জন্য ক্ষতিকারক। বাতাসের তাপমাত্রা ২৫-৩৫ ডিগ্রি সেলসিয়াস উপযুক্ত।

### কোন চারায় উচ্চ ফলন

ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ এবং সেন্ট্রাল ইনস্টিটিউট অব মেডিসিনাল অ্যান্ড অ্যারোমাটিক প্ল্যান্টস কর্তৃক উদ্ভাবিত অ্যালোভেরার উচ্চ ফলনশীল জাতগুলি হল, আইসি ১১১২৭১, আইসি ১১১২৬৯, আইসি ১১১২৪০ এবং এএল-১।

### চারা বসানোর পদ্ধতি

ঘৃতকুমারী মূলত শিকড় তেউড় এবং রাইজোম কাটিংয়ের মাধ্যমে বংশবিস্তার করে। প্রতিটি রাইজোম কাটিং ৫-৬ সেন্টিমিটার লম্বা হতে হবে এবং এতে ২-৩টি পর্ব বা গাঁট থাকতে হবে।

রাইজোম কাটিংগুলি জমিতে বসানোর আগে বেডে বসিয়ে অঙ্কুরিত ও শিকড় উৎপন্ন করে নিতে হবে। মূল জমিতে তেউড় অথবা রাইজোম কাটিংগুলি ৪৫×৪৫ সেন্টিমিটার অথবা ৩০×৬০ সেন্টিমিটার দূরত্ব রেখে বসাতে হবে। অর্থাৎ বিঘা প্রতি ১৬,০০০-১৮,০০০টি চারাগাছ দরকার হবে। চারা বসানোর উপযুক্ত সময় জুন-জুলাই অথবা সেপ্টেম্বর-অক্টোবর মাস।

### জমি তৈরির পদ্ধতি

২০-২৫ সেন্টিমিটার গভীর করে পাওয়ার টিলার অথবা ট্রাক্টরের সাহায্যে জমি চাষ দিতে হবে। আগাছা তুলে পরিষ্কার করে নেওয়ার পর জমি সমতল করে নিতে হবে। মাটির সঙ্গে বিঘা প্রতি ২ মেট্রিক টন জৈব আবর্জনা অথবা গোবর সার মেশাতে হবে।

### সার প্রয়োগ

প্রতি বছর বিঘা প্রতি ২ মেট্রিক টন জৈব সার জমি তৈরির সময় প্রয়োগ করতে হবে। এ ছাড়াও মাটিবাহিত পোকামাকড়ের হাত থেকে শিকড়কে বাঁচাতে বিঘা প্রতি ২ কেজি নিমখোল প্রয়োগ করতে হবে। রাসায়নিক সার হিসেবে ব্যবহার করতে হবে বিঘা প্রতি ৪ কেজি নাইট্রোজেন অর্থাৎ ৯ কেজি ইউরিয়া, ৮ কেজি ফসফরাস অর্থাৎ ১৫০ কেজি সিঙ্গল সুপার ফসফেট এবং ৮ কেজি পটাশ অর্থাৎ ১৩ কেজি মিউরেট অব পটাশ। জমি তৈরির সময় মূল সার হিসেবে এগুলি মাটির সঙ্গে মিশিয়ে দিতে হবে। এ ছাড়াও ঘৃতকুমারী গাছের তেউড় সম্পূর্ণ রূপে জমির মাটিতে স্থাপিত হয়ে যাওয়ার পর ৪ কেজি নাইট্রোজেন অর্থাৎ ৯ কেজি ইউরিয়া সার চাপান হিসেবে প্রয়োগ করে হালকা সেচ দিতে হবে।

### কখন সেচ দরকার

চারা বসানোর পরে পরেই একটা সেচ দিতে হবে। গ্রীষ্মকালে মাটির অবস্থা বুঝে ১৫ দিন অন্তর একবার হালকা সেচ দিতে হবে। লক্ষ রাখতে হবে যেন গাছের গোড়ায় জল না জমে।

### শস্য সুরক্ষা

অ্যালোভেরা গাছে ছত্রাকঘটিত দাগ দেখতে পাওয়া যায়। এর ফলে পাতার উৎপাদন ও গুণমান কমে যায়। এই রোগ দেখামাত্র ব্যাভিসটিন প্রতি লিটার জলে ১ গ্রাম অথবা সাফ প্রতি লিটার জলে ২ গ্রাম হিসেবে মিশিয়ে ১০ দিন অন্তর ২ বার স্প্রে করতে হবে। অ্যালোভেরা চাষে পোকার আক্রমণ তেমন প্রকট নয়।

### গাছের পরিচর্যা

- মাটির মধ্যে বাতাস ও জল চলাচলের জন্য মাঝে মাঝে ২টি সারির মধ্যে থাকা মাটি কুপিয়ে দিতে হবে।
- নিয়মিত সময়ের ব্যবধানে জমি থেকে সব আগাছা তুলে ফেলতে হবে।
- সময়মতো গাছের গোড়ায় মাটি ধরাতে হবে।

### ফসল তোলা

অ্যালোভেরা গাছের পাতাগুলি পুরু ও যথেষ্ট রসালো অবস্থায় থাকার সময় তুলে ফেলতে হবে। এ জন্য গাছ প্রতি বছরে ৩-৪টি পাতা তোলা উচিত। সকাল অথবা সন্ধে, পাতা তোলার সবচেয়ে উপযুক্ত সময়। একটি গাছ থেকে ৫ বছর পাতা তোলা যায়। পাতা ছাড়াও গাছের পাশ থেকে ছোট মাপের তেউড় চারা বের হয়। এগুলি চারা হিসেবে বসানো যায় এবং বাজারে বিক্রি করাও যায়।

১ বিঘা চাষের জমি থেকে ৪-৫ মেট্রিক টন পুরু রসালো পাতা পাওয়া যেতে পারে।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে গবেষণার সুযোগ

**নিজস্ব প্রতিনিধি:** ফ্যাকাল্টি অব আর্টস, ফ্যাকাল্টি অব ফাইন আর্টস এবং ভিসুয়াল স্টাডিজ বিভাগে স্টেট জুনিয়র রিসার্চ ফেলো নেবে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়। বাংলা, অর্থনীতি, এডুকেশন, রবীন্দ্রসঙ্গীত, নাটক, নৃত্য, গ্রাফিক্স, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স ইত্যাদি একাধিক বিষয়ে গবেষণার সুযোগ রয়েছে। মোট চার বছর গবেষণার সুযোগ থাকবে। চার বছরের পর প্রয়োজন অনুযায়ী এক বছর মেয়াদ বাড়ানো হবে। প্রথমে দু' বছর জুনিয়র রিসার্চ ফেলো (জেআরএফ) হিসেবে কাজ করতে হবে। এ সময় স্টাইপেন্ড প্রতি মাসে ১৮,০০০ টাকা। পরের বছরগুলিতে সিনিয়র রিসার্চ ফেলো (সিআরএফ) হিসেবে গবেষণা করাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ২০,০০০ টাকা।

শূন্যপদ: মোট ১৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর। ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (নেট), স্টেট এলিজিবিলিটি টেস্ট (সেট) বা স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট (স্লেট) উত্তীর্ণ হতে হবে। **আবেদন করার শেষ তারিখ:** ২৮ অগস্ট।

আবেদন করার পদ্ধতি ও বিশদ তথ্যের জন্য দেখুন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.rbu.ac.in/

### বাংলা ভাষা ও সাহিত্য চর্চায় এআই-এর প্রয়োগ

**নিজস্ব প্রতিনিধি:** বিজ্ঞান বিষয়ে গবেষণায় কৃত্রিম মেধা বা এআই-এর ব্যবহার যথেষ্ট বেড়েছে। সেই তুলনায় সাহিত্য ও ভাষা শিক্ষার ক্ষেত্রে এআই-এর প্রয়োগ বেশ কম। এই বিষয়টি মাথায় রেখে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ চালু করছে একটি নতুন কোর্স— ভ্যালু অ্যাডেড কোর্স ফ্রম ল্যাঙ্গুয়েজ টু ইন্টেলিজেন্স: কম্পিউটেশনাল থিংকিং অ্যান্ড এআই ইন বেঙ্গলি স্টাডিজ। এই কোর্সের পাঠ্যক্রম শুধু এআই ব্যবহারের প্রাথমিক পর্যায়ে সীমাবদ্ধ থাকবে না। বাংলা সাহিত্য ও ভাষাতাত্ত্বিক গবেষণার বাস্তব সমস্যাগুলি কী ভাবেপ্রযুক্তির সাহায্যে সমাধান করা যায়, তা-ই হাতে-কলমে শেখানো হবে। আশা করা হচ্ছে, বাংলা সাহিত্য ও ভাষা নিয়ে যাঁরা পড়াশোনা করছেন বা গবেষণা করছেন তাঁদের কাছে এই প্রশিক্ষণ একটি বড় সম্ভাবনার দরজা খুলে দেবে। আগ্রহ থাকলে আবেদন করতে পারেন এখনই।

**কী শেখানো হবে:** বাংলা ভাষার তথ্যভাণ্ডার, এআই-নির্ভর টেক্সট ও সাহিত্য বিশ্লেষণ থেকে ডিজিটাল হিউম্যানিটিজ, কম্পিউটারের সাহায্যে ধ্রুপদী ও আধুনিক সাহিত্যের গভীর বিশ্লেষণ। এ ছাড়াও পাইথন ও মেশিন লার্নিং, ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং, প্রম্পট ইঞ্জিনিয়ারিং, ওপেন সোর্স এআই টুলসের ব্যবহার শেখানো হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। **কোর্সের মেয়াদ:** ৩০ ঘণ্টা। **কোর্স ফি:** ৫,১০০ টাকা। **আবেদনের শেষ দিন:** ৩০ অগস্ট। আবেদন করার পদ্ধতি ও বিশদ তথ্যের জন্য দেখুন বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://presiuniv.ac.in/web/vacbengali300720261.php

## কী শিখবেন, কোথায় শিখবেন

### কয়েকটি অনলাইন কৃষি-প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বাগান পরিচর্যা, ল্যান্ডস্কেপ তৈরি, বাণিজ্যিক ভাবে মাশরুম চাষ, কৃত্রিম পরিবেশে কেশর চাষ, মাইক্রোগ্রিন উৎপাদন ইত্যাদি একাধিক বিষয়ে চলতি মাসেই অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধানিষেধ নেই। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন।

বাগানের মাধ্যমে সৌন্দর্যায়ন করা হয় রাস্তার দু'পাশের, পার্কের কিংবা সরকারি-বেসরকারি অফিস, কলেজ, স্কুল, আবাসন, পেট্রোল পাম্প, হাসপাতাল ইত্যাদির। তবে শুধু গাছ রোপণ ও তার পরিচর্যাই যথেষ্ট নয়, কোন গাছের পাশে কোন গাছ বসাতে হবে, কীভাবে লন তৈরি করতে হবে, সবুজ গাছ ছাঁটাই করে কীভাবে বিভিন্ন অবয়ব তৈরি করলে তা দৃষ্টিনন্দন হবে, কীভাবে ল্যান্ডস্কেপ গার্ডেন রক্ষণাবেক্ষণ করা যায় ইত্যাদি জানতে হয় সৌন্দর্যায়নের জন্য। এই কাজ করতে গেলে যেমন গাছ সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন, তেমনই শৈল্পিক মনন থাকাও জরুরি।

**কোর্সের নাম:** ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেইনটেন্যান্স। **কী পড়ানো হবে:** মাটির স্বাস্থ্য, ঘাসের লন তৈরি এবং তার রক্ষণাবেক্ষণ, মাইক্রো ইরিগেশন টেকনিক, প্রুনিং বা গাছ ছাঁটাই, বাগান পরিচর্যা ইত্যাদি। **সময়সীমা:** ২৪-২৬ অগস্ট। **ক্লাস:** সকাল ১০টা থেকে দুপুর দেড়টা। **কোর্স ফি:** ৫,৮৮০ টাকা।

পৃথিবীর অন্যতম দামী মশলা কেশর বা জাফরান বা স্যাফরন। ভারতের কাশ্মীর কেশর চাষের জন্য বিশ্ববিখ্যাত। তবে এখন কৃত্রিম পরিবেশেও কেশর চাষ সম্ভব। গত কয়েক বছর ধরে ভারতে কৃত্রিম পরিবেশে কেশর চাষ করে সফল হয়েছেন চাষিরা। বেকার তরুণ-তরুণীদের এই চাষ নিঃসন্দেহে উপার্জনের দিশা দেখাবে।

**কোর্সের নাম:** স্যাফরন ফার্মিং।

**কী পড়ানো হবে:** স্যাফরন চাষের পরিবেশ, মাটি, কৃত্রিম পরিবেশ তৈরি, প্রতিকূলতার মোকাবিলা ইত্যাদি। **ক্লাস:** ১১-১২ অগস্ট। **সময়সীমা:** দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে পাঁচটা।

**কোর্স ফি:** ৫,৪০০ টাকা।

সুস্বাদু, স্বাস্থ্যকর ও ঔষধিগুণ থাকায় খাওয়া ও ওষুধ তৈরির জন্য চাহিদা বাড়ছে মাশরুমের। মাশরুম চাষ ও মাশরুমের ব্যবসা তাই অত্যন্ত লাভজনক। চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন। অভ্যন্তরীণ বাজার ছাড়াও বিদেশে রপ্তানির সুযোগ ভালোই।

**কোর্সের নাম:** মাশরুম প্রোডাকশন।

**কী পড়ানো হবে:** কমপোস্ট প্রোডাকশন, স্পন প্রোডাকশন, চাষের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির পরিচয়, পরিবেশ, সার, কীটনাশক ইত্যাদি। **সময়সীমা:** ৬-৮ অগস্ট। **ক্লাস:** দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে চারটে।

**কোর্স ফি:** ৬,৫৫০ টাকা।

মাইক্রোগ্রিন হল বীজ থেকে সদ্য জন্মানো ছোট ছোট গাছ। এগুলি সাধারণত এক থেকে তিন ইঞ্চি লম্বা হয়। সদ্য অঙ্কুরিত মাইক্রোগ্রিন নানা ধরনের ভিটামিনে সমৃদ্ধ। পরিণত গাছের ফল ও বীজে যে-পরিমাণ পুষ্টি থাকে, মাইক্রোগ্রিনে থাকে তার চেয়ে প্রায় চল্লিশ গুণ পর্যন্ত বেশি পুষ্টি। মাইক্রোগ্রিনের চাহিদা বাড়ছে। তাই বেকার তরুণ-তরুণীরা ভাবতে পারেন বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষের কথা।

**কোর্সের নাম:** মাইক্রোগ্রিন ফার্মিং।

**কী পড়ানো হবে:** বীজ রোপণ থেকে পরিচর্যা, সংরক্ষণ, আধুনিক প্রযুক্তির ব্যবহার ইত্যাদি। **সময়সীমা:** ১০-১২ অগস্ট। **ক্লাস:** দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা।

**কোর্স ফি:** ৬,০০০ টাকা।

**আবেদনের পদ্ধতি:** উপরের কোর্সগুলিতে ভর্তির জন্য অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https:///iht.edu.in

অনলাইন কোর্সের পাশাপাশি বিভিন্ন সময় এই প্রতিষ্ঠানে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। হোস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যায়।

বিশদ জানতে দেখুন প্রতিষ্ঠানের উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### জি ই ভি মেমোরিয়াল মেরিট স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

আইনের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরত বা ক্ল্যাট বা এল-স্যাট বা এআইএলইটি বা অন্যান্য আইন বিষয়ক সমতুল প্রবেশিকা পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে জি ই ভি স্কলারশিপ ফান্ড ট্রাস্ট। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৫০,০০০-২ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/GMM5 আবেদন করা যাবে ১৫ অগস্ট পর্যন্ত।

### ইউ-গো স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

শিক্ষক শিক্ষণ, নার্সিং, ফার্মাসি, মেডিসিন, ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, ল, কম্পিউটার অ্যাপ্লিকেশন-সহ বিভিন্ন পেশাদারি বিষয়ের স্নাতক কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে ইউ-গো। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ। সমাপ্তি বর্ষে পাঠরতরা আবেদন করবেন না।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক ৬০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/UGO6 আবেদনের শেষ তারিখ ২০ অগস্ট।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১৯ জুলাই-২৬ জুলাই

**১৯ জুলাই** লর্ডসে ভারতের বিরুদ্ধে সিরিজের তৃতীয় ও শেষ একদিনের ম্যাচ জিতল ইংল্যান্ড। সেই সঙ্গে সিরিজও জিতল তারা। প্রথমে ব্যাট করে ৩ উইকেট হারিয়ে ইংল্যান্ড তোলে ৩৮৭ রান। শতরান করেন বেন ডাকেট। জবাবে ৫০ ওভারে ভারত করে ৩৬০-৭। রোহিত শর্মা করেন ১১০ বলে ১৩৮। বিরাট কোহলি করেন ৬০ বলে ৭৪। এদিন প্রথম ভারতীয় ব্যাটসম্যান হিসেবে একদিনের ক্রিকেটে লর্ডসে শতরান করলেন রোহিত। সবচেয়ে বয়স্ক ক্রিকেটার হিসেবে লর্ডসে একদিনের ম্যাচে শতরান করার নজিরও বসে গেল তাঁর নামের পাশেই। ৩৯ বছর ৮০ দিনে শতরান করলেন তিনি।

## লাঠি চালিয়ে, কাঁদানে গ্যাস ছুড়ে সিজেপি-র সংসদ অভিযান আটকাল কেন্দ্র



২০ জুলাই: হাসপাতালে অনশনরত সোনম ওয়াংচুক-এর 'সংসদ চলো'-র ডাকে 'জেন জি'-সহ সমাজের সব স্তরের মানুষ দিল্লির রাজপথে নেমে এলেন এবং পুলিশ, আধাসেনা নামিয়ে লাঠি চালিয়ে, কাঁদানে গ্যাস ছুড়ে তা রোখা হল। প্রতিবাদে সোনম জানালেন, তিনি নিজের অনশন চালিয়ে যাবেন। সংসদ চত্বরের আশপাশে জনতার স্বতঃস্ফূর্ত বিক্ষোভে ইতি টানতে বিক্ষোভকারীদের সঙ্গে দফায় দফায় বৈঠক করেন কেন্দ্রীয় মন্ত্রী জে পি নড্ডা। যদিও রাত পর্যন্ত বৈঠকেও কোনও সমাধান সূত্র বের হয়নি। সোনম ওয়াংচুক এক বিবৃতিতে জানান, 'বিক্ষোভকারী তরুণদের সঙ্গে যে নিষ্ঠুর আচরণ করা হয়েছে, তারপরে যতক্ষণ না তরুণ নেতাদের সংসদ ভবনে সাংসদদের সঙ্গে দেখা করতে দেওয়া হয়, আমি অনশন চালিয়ে যাব। আশা করব, তার আগে কেন্দ্রীয় সরকার শিক্ষামন্ত্রীর দায়বদ্ধতা স্থির করবে।'



"গতকাল (২৭ জুলাই) এমনভাবে প্রধানকে (সংসদে) স্বাগত জানানো হল যেন তিনি 'সুপারস্টার'। প্রধানকে যখন সংসদ চত্বরে বিজেপি সাংসদেরা মুকুট পরিয়ে দিচ্ছিলেন, সেই সময়ে মহারাষ্ট্রের প্রশ্নপত্র ফাঁসে আত্মঘাতী ছাত্রীর পরিবার শোক পালন করছিলেন।"

প্রিয়ঙ্কা গান্ধী বঢরা, *কংগ্রেস সাংসদ*
সরকারি পরীক্ষায় অনিয়ম সংক্রান্ত বিল নিয়ে আলোচনায়

**২০ জুলাই** রাজ্য সরকার সব সরকারি কাজে ১ সেপ্টেম্বর থেকে বাংলা ভাষা ব্যবহার বাধ্যতামূলক করল। বিধানসভায় এই ঘোষণা করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পরামর্শেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর ঘোষণার পরই দার্জিলিঙে নেপালি ভাষাকে গুরুত্ব দিয়ে পাহাড়ি এলাকায় তা বাধ্যতামূলক করার দাবি তোলেন গোর্খা জনমুক্তি মোর্চার বিমল গুরুং-সহ পাহাড়ের নেতারা। মুখ্যমন্ত্রী জবাবি বার্তায় জানান, পাহাড়ে নেপালি ভাষায় সরকারি কাজ করার ক্ষেত্রে রাজ্য সরকার সবরকম সদর্থক পদক্ষেপ করবে।

**২১ জুলাই** সিকিমে জলবিদ্যুৎ প্রকল্পের জন্য নির্মীয়মাণ সুড়ঙ্গে ধস নেমে ২৫ জনের মৃত্যু হল। সিকিমের নামচি জেলায় ওই সুড়ঙ্গে ধস নামার পরে মিথেন গ্যাসও ছড়ায়। মৃতেরা সবাই পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের চা বলয় থেকে যাওয়া পরিযায়ী শ্রমিক। সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং বলেন, 'কী করে এমন হল জানতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। উদ্ধার কাজ চলছে।'

**দিল্লি হাইকোর্ট** সফদরজঙ্গ হাসপাতাল থেকে অনশনরত সোনম ওয়াংচুককে সরিয়ে গুরুগ্রামের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করানোর নির্দেশ দিল। আদালতের এই নির্দেশের পর সন্ধ্যায় তাঁকে অ্যাম্বুলেন্সে করে গুরুগ্রামে নিয়ে যাওয়া হয়। উল্লেখ্য, চিকিৎসার নামে যন্তর মন্তরের অনশন মঞ্চ থেকে কেন্দ্রীয় সরকার সফদরজঙ্গ হাসপাতালে তুলে নিয়ে গিয়ে সোনম ওয়াংচুককে কার্যত আটক করে রেখেছে— সোনমের স্ত্রী গীতাঞ্জলি আংমো এই অভিযোগ নিয়ে দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়ে গীতাঞ্জলি বলেন, 'কে কোথায় চিকিৎসা করাবেন, কী চিকিৎসা করাবেন, গণতান্ত্রিক দেশে তা ঠিক করার অধিকার নাগরিকের রয়েছে।'

**২২ জুলাই** ইউক্রেনের ওডেসা উপকূলে একটি বাণিজ্যিক জাহাজে ক্ষেপণাস্ত্র হামলার ফলে চার ভারতীয় নাবিকের মৃত্যুর ঘটনায় রুশ বিদেশমন্ত্রী সের্গেই লাভরভের কাছে গভীর উদ্বেগ প্রকাশ করলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। পূর্ব এশিয়া সম্মেলন এবং আসিয়ানভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রীদের সম্মেলনের ফাঁকে লাভরভের সঙ্গে বৈঠক হয় জয়শঙ্করের। উল্লেখ্য, এর আগের দিনই এই ঘটনায় নয়াদিল্লিতে রাশিয়ার শার্জ দ্য' ফেয়ারকে তলব করেছিল কেন্দ্রীয় সরকার। চিনা বিদেশমন্ত্রী ওয়াং ই-র সঙ্গেও এদিন বৈঠক করেন জয়শঙ্কর। ভারত-চিন সম্পর্ক স্বাভাবিক করতে সীমান্ত অঞ্চলে শান্তি স্থাপনের বিষয়ে জোর দেওয়া হয় সেই বৈঠকে।

**নিট পরীক্ষার প্রশ্ন ফাঁস** নিয়ে সংসদে আলোচনায় রাজি বলে জানিয়ে দিল সরকার। যদিও বিরোধীদের দাবি, আগে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা, তারপরে আলোচনা হোক। অন্যদিকে অনশন প্রত্যাহারের ব্যাপারে শর্ত দিয়েছেন সোনম ওয়াংচুকও। যন্তর মন্তরে আন্দোলনকারীদের বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ না করার বিষয়ে সরকারি আশ্বাস পেলে অনশন তুলবেন বলে শর্ত দিয়েছেন তিনি। এদিন লোকসভায় সংসদীয় মন্ত্রী কিরেণ রিজিজু বিরোধী শিবিরকে জানান, সরকার যে-কোনও ধরনের আলোচনায় রাজি। সিজেপি-র আন্দোলনে ইতি টানতে সরকারের আলোচনার প্রস্তাবে সিজেপি-র পক্ষ থেকে প্রকাশ্য স্থানে বৈঠকের শর্ত দেওয়া হয়েছে। যদিও সরকার তাতে রাজি হয়নি।

## প্রয়াত কেভিন কিগান



২০ জুলাই: দু'বারের বার্লঁ দ্যর জয়ী ইংল্যান্ডের কিংবদন্তি ফুটবলার কেভিন কিগান (৭৫) প্রয়াত হলেন। ১৯৭২ সালে ইংল্যান্ডের জার্সিতে অভিষেক হয় কিগানের। ১৯৮২ বিশ্বকাপের দলেও ছিলেন। জনপ্রিয়তার শিখরে পৌঁছন লিভারপুলে খেলার সময়। ১৯৭১-'৭৭ সালের মধ্যে তিনবার লিগ চ্যাম্পিয়ন হন। দু'বার ইউরোপ সেরাও হয়েছেন। ১৯৭৭ সালে যোগ দেন জার্মানির হ্যামবার্গারে। ১৯৭৮ এবং '৭৯-তে বার্লঁ দ্যর জেতেন। ফুটবল ছাড়ার পর নিউক্যাসলের ম্যানেজার হন। কোচিং করিয়েছেন ফুলহ্যাম, ম্যাঞ্চেস্টার সিটিতেও। ১৯৯৯-২০০০ সালে ইংল্যান্ড জাতীয় দলের কোচ ছিলেন কিগান।

## প্রশ্ন ফাঁসে কঠোর সাজা, বিল চাইলেন মোদী, অনশন ভাঙলেন সোনম



২৩ জুলাই: নিট কাণ্ডে শিক্ষামন্ত্রীর ইস্তফার দাবি ও সিজেপি-র আন্দোলনের আবহে পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রশ্ন ফাঁসে কঠোর সাজা চেয়ে বিল আনবার কথা ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক্স হ্যান্ডলে বার্তা দিয়ে তিনি জানান, নিটের প্রশ্ন ফাঁস কাণ্ডের বিচারে ফাস্ট ট্র্যাক আদালত গঠন করা হবে। সন্ধ্যায় সেই আদালত গঠনের বিজ্ঞপ্তিও জারি করা হয়। এর পরে এই সংক্রান্ত বিল সংসদে এনে দ্রুত পাশ করানোর চেষ্টাও করা হবে বলে জানান মোদী। এরই মধ্যে কেন্দ্রের উচ্চ শিক্ষা সচিব বিনীত জোশীকেও এদিন বদলি করা হয় অন্য দফতরে। সেইসঙ্গে, তাৎপর্যপূর্ণ ভাবে প্রধানমন্ত্রীর বার্তাকে 'সম্মান' জানিয়ে জে পি নড্ডার উপস্থিতিতে অনশন ভাঙলেন সোনম ওয়াংচুক। তবে শিক্ষামন্ত্রীর ইস্তফার দাবিতে আন্দোলনে অনড় রয়েছে সিজেপি।

**২৩ জুলাই** আসামের বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪৫। একই সঙ্গে এদিন পর্যন্ত পরিসংখ্যানে ১০০ জন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। এদিন পর্যন্ত আসামের ১০টি জেলার ৮৮৯টি গ্রাম বন্যার কবলে পড়েছে। বন্যাকবলিত প্রায় সাড়ে ৬ লক্ষ মানুষ। প্রায় ২৫ হাজার মানুষ শিবিরে আশ্রয় নিয়েছেন। নাগাল্যান্ড এবং অরুণাচল প্রদেশেও ব্যাপক ধস ও বৃষ্টিতে বন্যাপরিস্থিতি তৈরি হয়েছে। ভারতীয় নৌবাহিনীতে এল নতুন রণতরী। দেশীয় প্রযুক্তিতে তৈরি আইএনএস মালভন নামের ওই যুদ্ধজাহাজটিকে এদিন নৌসেনায় নিযুক্ত করা হয়েছে। কর্নাটকের কারওয়ার বন্দরে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বায়ুসেনা প্রধান এ পি সিংহ। তিনি নৌবাহিনীর দেশীয় প্রযুক্তি ব্যবহারের প্রশংসা করে জানান, এই জাহাজটিতে ৮০ শতাংশের বেশি দেশীয় সামগ্রী রয়েছে। তিন সেনাবাহিনীর মধ্যে সমন্বয় বাড়িয়ে ভবিষ্যতের নিরাপত্তা ও চ্যালেঞ্জ মোকাবিলা করার উপরে জোর দেন বায়ুসেনা প্রধান।

**ইজরায়েল** অধিকৃত পূর্ব জেরুজালেমের আল আকসা মসজিদ চত্বরে ফের ঢুকে পড়ল চার হাজারেরও বেশি ইজরায়েলি সেনা। সাম্প্রতিক কালে যা রেকর্ড বলে দাবি প্যালেস্টাইনের। প্যালেস্টিনীয় প্রশাসন জানায়, এদিন ৪,২২৮ জন ইজরায়েলি সেনা আল আকসায় প্রবেশ করেন। প্যালেস্টিনীয়দের অভিযোগ, ইজরায়েলিরা মসজিদে প্যালেস্টিনীয়দের ঢুকতে বাধা দেয়।

## প্রধানমন্ত্রীর বাড়ির সামনে ধর্নায় রাহুল গান্ধী



২১ জুলাই: দিল্লিতে পড়ুয়াদের উপরে 'পুলিশি হামলা'র দায় নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর ইস্তফার দাবিতে প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে প্রতিবাদ ধর্নায় বসলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। দলের নেতা, সাংসদ, কংগ্রেস-শাসিত দুই রাজ্যের মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার ও ডি ডি সতীশকে নিয়ে ধর্নায় বসেন রাহুল। এর আগের দিন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবি ও নিট-এর প্রশ্ন ফাঁসের প্রতিবাদে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ দেখেছিল দিল্লি। প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে এমন আচমকা প্রতিবাদ সামলাতে মোদী সরকারের শীর্ষ স্তর থেকে প্রধানমন্ত্রীর দফতরের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিংহ ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহনকে পাঠানো হয়েছিল রাহুলের সঙ্গে কথা বলতে। কিন্তু তাতে ফল হয়নি। তিনঘণ্টা প্রতিবাদ চলার পরে রাহুল এবং অন্য নেতা-নেত্রীদের গ্রেফতার করা হয়। রাতে অবশ্য তাঁদের ছেড়ে দেওয়া।

## বিশ্বকাপ জয়ী স্পেন



২০ জুলাই: আর্জেন্টিনাকে ১-০ গোলে হারিয়ে এবারের বিশ্বকাপ চ্যাম্পিয়ন হল স্পেন। নির্ধারিত সময় গোলশূন্য থাকার পর খেলা গড়ায় অতিরিক্ত সময়ে। ১০৬ মিনিটে তোরেসের গোলের পর অন্যান্য ম্যাচের মতো আর ফিরে আসতে পারেনি আর্জেন্টিনা। ইংল্যান্ডের বিরুদ্ধে দুরন্ত গোল করা এনজো ফার্নান্দেস লাল কার্ড দেখায় ১০ জনে খেলতে হয় আর্জেন্টিনাকে। ২০১০-এ প্রথমবার বিশ্বকাপ জিতেছিল স্পেন। ষোল বছর পরে এল দ্বিতীয় জয়। এবারের বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতা হয়ে সোনার বুট জিতলেন কিলিয়ান এমবাপে। স্পেনের মিডফিল্ডার রদ্রি পেয়েছেন সোনার বল।

**২৪ জুলাই** কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে অনড় রইল ককরোচ জনতা পার্টি (সিজেপি)। এদিন তাদের নেতৃত্বের সঙ্গে দ্বিতীয় দফায় বৈঠকে বসেছিলেন সরকারের দুই শীর্ষ মন্ত্রী জে পি নড্ডা ও জিতেন্দ্র সিংহ।

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

হয়ে যায় না। প্রধানমন্ত্রীকে ক্ষমা প্রার্থনা করতে হবে। ছাত্রছাত্রীদের উপরে পুলিশি হামলা নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর ভূমিকার তদন্ত করতে হবে। কারণ দিল্লি পুলিশ থেকে সিআরপিএফ বা অন্য আধা সেনা সবই তাঁর অধীন।

## আন্দোলনের চাপে ইস্তফা শিক্ষামন্ত্রীর



**২৫ জুলাই:** নিট প্রশ্ন ফাঁস মামলায় শেষপর্যন্ত কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন ধর্মেন্দ্র প্রধান। শিক্ষামন্ত্রীর ইস্তফা চেয়ে গত একমাস ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছিল ককরোচ জনতা পার্টি (সিজেপি)। মূলত জেন জি-দের ওই আন্দোলন দিল্লির পরিধি ছাড়িয়ে দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়তেই পিছু হঠে সরকার। এদিন সিজেপি নেতৃত্বের সঙ্গে তৃতীয় দফা বৈঠকের ঠিক আগেই ইস্তফার কথা ঘোষণা করেন ধর্মেন্দ্র নিজেই। বাকি দুই দাবি, আন্দোলনে যোগ দেওয়া পড়ুয়াদের বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহার ও নিট প্রশ্ন ফাঁসের কারণে আত্মহননকারীদের পরিবারকে আর্থিক সাহায্য দেওয়ার বিষয়টি মেনে নিয়েছে সরকার। জনমতের চাপে পড়ে ধর্মেন্দ্রর এই ইস্তফা মোদী সরকারের গত বারো বছরে অন্যতম বড় পরাজয় হিসেবে ধরছেন রাজনীতিকরা।

কিন্তু দু'ঘণ্টা আলোচনার শেষে ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে অনড় রইলেন সিজেপি-র দুই প্রতিনিধি সৌরভ দাস ও আশুতোষ রাঙ্কা। অন্যদিকে, দু'বছর আগের আইনে সংশোধন করে প্রশ্ন ফাঁসের অপরাধে সাজা আরও কঠিন করার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। নিট পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ) থেকে সরানো হল ৪৭ জন আধিকারিককেও।

**তৃণমূলের লোকসভার উপ দলনেতা পদ পেলেন সাংসদ সৌগত রায়।** গতবছর এই পদে আনা হয়েছিল শতাব্দী রায়কে। কিন্তু রাজ্য বিধানসভা ভোটের পর শতাব্দী দলত্যাগ করে এনসিপিআই-তে যোগ দিয়েছেন। অবশ্য এখনও এই দল সংসদীয় মান্যতা পায়নি। যদিও দলত্যাগী ২০ জন সাংসদ খাতায়-কলমে তৃণমূলের থাকলেও সংসদে তাঁদের বসার আসন ভিন্ন করে দেওয়া হয়েছে। তাঁরা এখন তৃণমূল-বিরোধী ভূমিকা পালন করছেন।

**শ্রমিকদের দিয়ে জোর করে** উৎপাদনের কাজ করানোর অভিযোগ তুলে ভারতের পণ্যে ১০ শতাংশ অতিরিক্ত শুল্ক বসানোর সিদ্ধান্ত নিল আমেরিকা। তবে এই হার সে দেশের বাণিজ্য প্রতিনিধি দফতরের প্রস্তাবিত ১২.৫ শতাংশের থেকে কম। তবে সংশ্লিষ্ট মহলের একাংশের দাবি দু'দেশ যখন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির মুখে পৌঁছে যাওয়ার দাবি করছে, তখন এমন পদক্ষেপ চুক্তির আলোচনাকে অনিশ্চিত করে দিতে পারে।

**প্রথম ভারতীয় হিসেবে আন্তর্জাতিক** দাবা সংস্থার (ফিডে) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নিলেন বিশ্বনাথন আনন্দ। ২০২২ সাল থেকে তিনি ফিডের ডেপুটি প্রেসিডেন্টের দায়িত্ব সামলাচ্ছেন। একই দিনে দাবা অলিম্পিয়াডের দলও ঘোষণা করা হয়েছে। এই প্রতিযোগিতা হবে উজবেকিস্তানের সমরকন্দে। ভারতীয় দলে রয়েছেন ডি গুকেশ, আর প্রজ্ঞানন্দ ও বৈশালী।

## শুরু হল গ্লাসগো কমনওয়েলথ গেমস



**২৩ জুলাই:** শুরু হল গ্লাসগো কমনওয়েলথ গেমস। প্রতিযোগিতার প্রথম দিনেই পদক নিশ্চিত করলেন ভারতের তারকা বক্সার লাভলিনা বরগোহাঁই। ৭৫ কেজি বিভাগের প্রতিযোগী প্রাথমিক রাউন্ডগুলিতে বাই পাওয়ায় সরাসরি সেমিফাইনালে নামার সুযোগ পেয়েছেন। যার অর্থ অন্তত্পক্ষে ব্রোঞ্জ পদক নিশ্চিত। অন্যদিকে, ডোপ পরীক্ষায় ধরা পড়ায় প্রথম দিনেই বাদ দেওয়া হয়েছে ভারতের জুডোকা অরুণ কুমারকে। এবারের কমনওয়েলথ গেমসে ভারতের ১২২ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছেন। তাঁদের মধ্যে রয়েছেন নীরজ চোপড়া, মীরাবাই চানু, লাভলিনা বরগোহাঁই-এর মতো তারকা প্রতিযোগীরা।

## যুব বিশ্ব স্কোয়াশে চ্যাম্পিয়ন অনাহত



**২৫ জুলাই:** প্রথম ভারতীয় হিসেবে কানাডায় আয়োজিত স্কোয়াশ যুব বিশ্ব চ্যাম্পিয়নশিপে সোনা জিতলেন অনাহত সিংহ। এদিন ফাইনালে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ২০ নম্বর অনাহত ১১-৩, ১১-৭, ১১-৯ ফলে হারান দ্বিতীয় বাছাই মিশরের রুকায়া সালেমকে। গতবছর এই প্রতিযোগিতায় সেমিফাইনালে উঠে ব্রোঞ্জ জিতেছিলেন অনাহত। শেষবার ২০০৫ সালে এই প্রতিযোগিতায় ফাইনালে উঠে নজির গড়েছিলেন জোৎস্না চিনাপ্পা। একুশ বছর পর এবার ফাইনালে উঠে তা স্পর্শ করেছিলেন অনাহত। শীর্ষ বাছাই ভারতীয় তারকা সেমিফাইনালে হারিয়েছিলেন মিশরের বার্ব সামে-কে ১১-৩, ৮-১১, ১১-৪, ১১-৬ ফলে।

**জার্মানির জাতীয় ফুটবল দলের** কোচ জুলিয়ান নাগেলসম্যানের জায়গায় নতুন কোচ হিসেবে দায়িত্ব নিলেন য়ুর্গেন ক্লপ। ২০৩০ সালের বিশ্বকাপ পর্যন্ত তিনি জার্মানির সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছেন। চারবারের বিশ্বচ্যাম্পিয়ন জার্মানিকে এবার রাউন্ড অব ৩২-এ প্যারাগুয়ের বিরুদ্ধে টাইব্রেকারে হেরে বিদায় নিতে হয়েছে। তারপরে নাগেলসম্যানের বিদায় প্রায় নিশ্চিতই ছিল। নতুন কোচ হিসেবে লিভারপুলের প্রাক্তন ম্যানেজার ক্লপ জানিয়ে দিয়েছেন, ২০৩০ সালের পর সম্ভবত তিনি আর কোচ হিসেবে থাকবেন না। তাঁর মূল লক্ষ্য, ২০২৮ সালের ইউরো এবং তার দু'বছর পরে জার্মানিকে বিশ্বকাপ এনে দেওয়া।

**২৬ জুলাই** 'জেন-জি'-র বিক্ষোভ, শিক্ষামন্ত্রীর ইস্তফার পর এবার পরীক্ষা ব্যবস্থার সংস্কারে উচ্চক্ষমতাসম্পন্ন 'টাস্ক ফোর্স' গঠনের ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন ইনস্টাগ্রাম, এক্স হ্যান্ডলে ভিডিয়ো বার্তায় মোদী জানিয়েছেন, প্রযুক্তি বিশেষজ্ঞ নন্দন নিলেকানির নেতৃত্বে একটি 'হাই-পাওয়ার্ড টাস্ক ফোর্স' গঠনের সিদ্ধান্ত হয়েছে। এই টাস্ক ফোর্স পরীক্ষা ব্যবস্থার সংস্কারের দিকে নজর দেবে। তার রিপোর্টের ভিত্তিতে যত দ্রুত সম্ভব পরীক্ষা ব্যবস্থার বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করতে পদক্ষেপ করতে হবে। প্রধানমন্ত্রীর দফতর সূত্রে আরও জানা গিয়েছে, আগামী বছর থেকে নিট-ইউজি পরীক্ষা পুরোপুরি অনলাইনে হবে বলে ঠিক হয়েছে। তার প্রেক্ষিতে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)-র পরীক্ষা ব্যবস্থার কাঠামোগত সংস্কার ও প্রযুক্তির ব্যবহারের দিকটি খতিয়ে দেখতে টাস্ক ফোর্স কাজ করবে।

**শিক্ষামন্ত্রীর ইস্তফার পর যন্তর** মন্তরের আন্দোলনে ইতি পড়লেও রাজনৈতিক বিরোধী শিবিরের বক্তব্য, ছাত্রছাত্রীদের উপরে দিল্লি পুলিশ তথা র‍্যাফ যে লাঠি চালিয়েছিল, কাঁদানে গ্যাস ছুড়েছিল, ছররা বা পেলেট গান ব্যবহার করেছিল বলেও অভিযোগ, তার জন্য প্রধানমন্ত্রী এখনও দেশের কাছে ক্ষমাপ্রার্থনা করেননি। কে এই বলপ্রয়োগের নির্দেশ দিয়েছিল, তারও উত্তর মেলেনি। সরকারের কেউ এর দায় স্বীকার করেনি। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি লিখে জানিয়েছেন, ছাত্রদের উপরে 'বর্বরোচিত হামলা'র দায় নির্ধারণ হোক। বিরোধীদের একাংশের বক্তব্য, ছাত্রছাত্রীরা আন্দোলনের পরে ঘরে ফিরলেও সাংসদদের দায়িত্ব শেষ

## গ্লাসগোয় সোনার হ্যাটট্রিক চানুর, ঋষিকান্ত পেলেন রুপো



**২৬ জুলাই:** গ্লাসগোয় ঐতিহাসিক তৃতীয় কমনওয়েলথ সোনা এবং এবারের প্রতিযোগিতায় ভারতকে প্রথম সোনা এনে দিলেন মীরাবাই চানু। ২০১৮ গোল্ড কোস্ট ও ২০২২ বার্মিংহাম-এর সোনা জয়ের পর চানু এদিন স্ন্যাচে ৮৫ কেজি তুলে নতুন কমনওয়েলথ গেমস রেকর্ড গড়েন। এরপর ক্লিন অ্যান্ড জার্কে ১০৫ কেজি এবং মোট ১৯০ কেজি ওজন তোলার পথে মোট চারটি রেকর্ড গড়েন। রুপো ও ব্রোঞ্জ জিতেছেন যথাক্রমে নাইজিরিয়ার রুথ আসুকুয়ো নুয়ং (১৬৮ কেজি) এবং মালয়শিয়ার আইরিন জেন হেনরি (১৬৭ কেজি)। এদিন ভারতের ঋষিকান্ত সিংহও ভারোত্তোলনে পুরুষদের ৬০ কেজি বিভাগে রুপো জিতেছেন।



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

## নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ফল পাকাতে নীচের কোনটি ব্যবহার করা হয়?
(a) ইথিলিন (b) অ্যাসিটিলিন (c) মিথেন (d) পলিভিনাইল ক্লোরাইড
2. ভিনিগার কীসের লঘু দ্রবণ?
(a) ফর্মালডিহাইড (b) ফর্মিক অ্যাসিড (c) ইথানল (d) অ্যাসিটিক অ্যাসিড
3. নাইট্রোজেন সংবন্ধন বলতে কী বোঝায়?
(a) নাইট্রোজেনের তরলীকরণ (b) বায়ুমণ্ডলীয় নাইট্রোজেনকে দরকারী যৌগে রূপান্তর (c) বায়ু থেকে নাইট্রোজেন উৎপাদন (d) নাইট্রোজেনকে নাইট্রিক অ্যাসিডে রূপান্তর
4. একটি সরল অণুবীক্ষণ যন্ত্র সর্বপ্রথম আবিষ্কার করেন কে?
(a) রবার্ট হুক (b) লিউয়েন হক (c) পারকিনজে (d) রবার্ট ব্রাউন
5. রেফ্রিজারেশন খাদ্য সংরক্ষণে সাহায্য করে কীভাবে?
(a) ব্যাক্টেরিয়া ও জীবাণু ধ্বংস করে (b) জৈব রাসায়নিক বিক্রিয়ার হার ব্যাপকভাবে কমিয়ে দেয় (c) খাদ্যের উপর বরফের আবরণ তৈরি করে (d) এনজাইমের ক্রিয়া বন্ধ করে
6. অক্সিজেন আবিষ্কার করেন কে?
(a) প্রিস্টলি (b) ল্যাভয়সিয়ের (c) চার্লস বয়েল (d) ডালটন
7. কোন স্প্রে করার মাধ্যমে ফল ঝরে পড়া প্রতিরোধ করা যায়?
(a) আই এ এ (b) অ্যাবসিসিক অ্যাসিড (c) সাইটোকাইনিন (d) এন এ এ
8. বায়ুমণ্ডলে কোন যৌগটির অতিরিক্ত সংযোজনের কারণে গ্রিনহাউস গ্যাসের প্রভাব লক্ষ করা যায়?
(a) কার্বন ডাই-অক্সাইড (b) অ্যামোনিয়া (c) জলীয় বাষ্প (d) ধূলিকণা
9. কোথায় আলো প্রতিফলিত করে না?
(a) পালিশ করা তল (b) চকচকে পৃষ্ঠতল (c) অমসৃণ তল (d) a এবং b উভয়ই
10. যা কিছু আলোক রশ্মি নির্গত করে তাকে কী বলা হয়?
(a) বাস্তব প্রতিবিম্ব (b) অবাস্তব প্রতিবিম্ব (c) বস্তু (d) প্রতিবিম্ব
11. মোটর সাইকেলের হেডলাইটে কোন ধরনের আয়না ব্যবহার করা হয়?
(a) অবতল আয়না (b) উত্তল আয়না (c) সমতল আয়না (d) কোনওটিই নয়
12. দন্ত ক্লিনিকে কোন ধরনের আয়না ব্যবহার করা হয়?
(a) অবতল আয়না (b) উত্তল আয়না (c) সমতল আয়না (d) কোনওটিই নয়
13. নীচের কোনটি একটি প্রাকৃতিক চুম্বক?
(a) ম্যাগনেটাইট (b) দণ্ড চুম্বক (c) অশ্বখুরাকৃতি চুম্বক (d) চৌম্বকীয় সূঁচ
14. নীচের কোনটি চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না?
(a) লোহা (b) তামা (c) কোবাল্ট (d) নিকেল
15. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি বৈদ্যুতিক শক্তির বাণিজ্যিক একক?
(a) জুল (b) কেডব্লএইচ (KWH) (c) ওয়াট (d) অ্যাম্পিয়ার
16. ওয়াশিং সোডা হল কার সাধারণ নাম?
(a) সোডিয়াম কার্বনেট (b) ক্যালসিয়াম কার্বনেট (c) সোডিয়াম বাইকার্বনেট (d) সোডিয়াম হাইড্রোক্সাইড
17. যে যৌগটি কাচের সঙ্গে বিক্রিয়া করে বলে কাচের পাত্রে রাখা যায় না, তা হল:
(a) HNO (b) HCL (c) HF (d) HBrl
18. ভিনিগারের রাসায়নিক নাম কী?
(a) সোডিয়াম নাইট্রেট (b) লঘু অ্যাসিটিক অ্যাসিড (c) ক্যালসিয়াম ক্লোরাইড (d) ক্যালসিয়াম হাইড্রোক্সাইড
19. যেটির pH 7-এর কম, সেটি কোনটি?
(a) লেবুর রস (b) চুন মেশানো জল (c) মানুষের রক্ত (d) অ্যান্টাসিড
20. অম্ল বৃষ্টিতে নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সর্বাধিক পরিমাণে উপস্থিত থাকে?
(a) $H_2CO_3$ (b) $HNO_3$ (c) $H_2SO_4$ (d) HCl
21. গৃহস্থালীর কাজে ব্যবহৃত মিউরিয়াটিক অ্যাসিড হল— কীসের লঘু রূপ?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) অক্সালিক অ্যাসিড (d) অ্যাকোয়া রিজিয়া
22. কার্বনের সবচেয়ে কঠিন রূপভেদ কী?
(a) কয়লা (b) হীরা (c) গ্রাফাইট (d) ফুওরিন
23. কোন গ্যাসকে মার্স গ্যাস বলে?
(a) বিউটেন (b) প্রোপেন (c) ইথেন (d) মিথেন
24. লোহায় মরিচা পড়া কী ধরনের পরিবর্তন?
(a) ভৌত (b) রাসায়নিক (c) কোনওটিই নয় (d) a ও b উভয়ই
25. সবচেয়ে হালকা গ্যাস কোনটি?
(a) হিলিয়াম (b) $N_2$ (c) $O_2$ (d) $H_2$
26. ভারতের কোন রাজ্যে সাঙ্গাই উৎসব পালিত হয়?
(a) বিহার (b) মণিপুর (c) কর্নাটক (d) আসাম
27. 'তামাশা' হল সঙ্গীতধর্মী নাটকের একটি বিখ্যাত লোকশৈলী, যা নিম্নলিখিত কোন রাজ্যে বিদ্যমান?
(a) পঞ্জাব (b) বিহার (c) উত্তরপ্রদেশ (d) মহারাষ্ট্র
28. কথাকলি নৃত্যশৈলীটি কোন রাজ্যের অন্তর্গত?
(a) তামিলনাড়ু (b) কেরালা (c) অন্ধ্রপ্রদেশ (d) কর্ণাটক
29. নীচের কোনটি সবচেয়ে প্রাচীন বাদ্যযন্ত্র?
(a) বীণা (b) তবলা (c) সেতার (d) সরোদ
30. চিত্রগুপ্ত স্বামী মন্দির, যা চিত্রগুপ্তের একমাত্র মন্দির বলে মনে করা হয়, তা কোথায় অবস্থিত?
(a) মথুরা (b) উজ্জয়িনী (c) কাঞ্চি (d) পুরী
31. নীচের স্থানগুলির মধ্যে কোনটিতে কুম্ভ মেলা অনুষ্ঠিত হয় না?
(a) হরিদ্বার (b) বারাণসী (c) নাসিক (d) প্রয়াগ
32. বিখ্যাত শাস্ত্রীয় গায়ক ভীমসেন যোশী-র সঙ্গে কোনটি সম্পর্কিত?
(a) কিরানা ঘরানা (b) রামপুর ঘরানা (c) বেনারস ঘরানা (d) লখনউ ঘরানা
33. 'কাময়নী' কার লেখা?
(a) গিরিজা কুমার মাথুর (b) জয় শঙ্কর প্রসাদ (c) মহাদেবী ভার্মা (d) শমসের বাহাদুর সিং
34. 'My Experiments With Truth' বইটির লেখক কে?
(a) গোবিন্দ বল্লভ পান্ত (b) তারা আলী বেগ (c) মাওলানা আবুল কালাম আজাদ (d) এম কে গান্ধী
35. 1024 বাইট সমান কত?
(a) 1 এম বি (b) 1 টিবি (c) 1 জিবি (d) 1 কেবি
36. ডিভিডি-এর পুরো নাম কী?
(a) ডাইনামিক ভার্সাটাইল ডিস্ক (b) ডাইনামিক ভিডিও ডিস্ক (c) ডিজিটাল ভিডিও ডিস্ক (d) ডিজিটাল ভার্সাটাইল ডিস্ক
37. কম্পিউটারের প্রসেসরের গতি মাপা হয়:
(a) বড (Baud) (b) বিপিএস (c) এম আই পি এস (MIPS) (d) হার্টজ
38. তথ্যপ্রযুক্তিতে, অ্যাসোসিয়েটিভ মেমরিকে বলা হয়:
(a) কন্টেন্ট অ্যাড্রেসেবল মেমরি (b) ভার্চুয়াল মেমরি (c) ক্যাশ মেমরি (d) প্রধান মেমরি
39. কিরণ প্রকল্পটির সঙ্গে সম্পর্কিত কারা?
(a) মহিলা ডাক্তার (b) মহিলা বিজ্ঞানী (c) মহিলা প্রকৌশলী (d) মহিলা শিক্ষক
40. নোবেল পুরস্কার বিজয়ী প্রথম ভারতীয় ছিলেন:
(a) হরগোবিন্দ খুরানা (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) সি ভি রমন (d) অমর্ত্য সেন
41. ভারতীয় মহিলা ফুটবল দল কাকে হারিয়ে SAFF Women's Champions Trophy জিতেছে?
(a) নেপাল (b) বাংলাদেশ (c) ভুটান (d) শ্রীলঙ্কা
42. সম্প্রতি সংবাদে শিরোনামে আসা রোগান শিল্প প্রধানত ভারতের কোন রাজ্যের সঙ্গে সম্পর্কিত:
(a) রাজস্থান (b) পশ্চিমবঙ্গ (c) গুজরাট (d) ওড়িশা
43. কালাই-2 জলবিদ্যুৎ প্রকল্পটি নীচের কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) হিমাচল প্রদেশ (c) অরুণাচল প্রদেশ (d) উত্তরাখণ্ড
44. সম্প্রতি সংবাদে সংবাদ শিরোনামে আসা ভাব্য (BHAVYA) প্রকল্পটি প্রধানত নিম্নলিখিত বিষয়গুলির সঙ্গে সম্পর্কিত:
(a) বিনিয়োগের জন্য প্রস্তুত শিল্প পার্কের উন্নয়ন (b) জৈব চাষ ক্লাস্টারের প্রসার (c) ভারত নেট গ্রামীণ সংযোগের সম্প্রসারণ (d) শহরে সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন
45. আসোলা-ভাট্টি বন্যপ্রাণী অভয়ারণ্যটি কোন পর্বতমালা বরাবর অবস্থিত?
(a) বিন্ধ্য রেঞ্জ (b) সাতপুরা রেঞ্জ (c) আরাবল্লী রেঞ্জ (d) পশ্চিমঘাট
46. যদি কোনও ভগ্নাংশের লব 200% বৃদ্ধি করা হয় এবং হর 150% বৃদ্ধি করা হয়, তাহলে নতুন ভগ্নাংশটি হয় $\frac{9}{35}$। প্রকৃত ভগ্নাংশটি কত?
(a) $\frac{3}{14}$ (b) $\frac{2}{15}$ (c) $\frac{3}{16}$ (d) $\frac{3}{10}$
47. একজন মানুষ গড়ে 24 কিলোমিটার/ঘণ্টা গতিতে উপরে ওঠে এবং 30 কিলোমিটার/ঘণ্টা গতিতে নীচে নামে, উভয়ক্ষেত্রের দূরত্ব একই ছিল। পুরো যাত্রাপথের গড় গতিবেগ হল:
(a) 30 কিমি/ঘণ্টা (b) 30.8 কিমি/ঘণ্টা (c) 26.6 কিমি/ঘণ্টা (d) 32.6 কিমি/ঘণ্টা
48. একটি দলে 75টি মেয়ের গড় ওজন 47 কিলোগ্রাম। পরে জানা যায় যে একটি মেয়ের ওজন লেখা হয় 45 কিলোগ্রাম, যার প্রকৃত ওজন 25 কিলোগ্রাম। দলের 75টি মেয়ের আসল গড় ওজন কত? (দশমিকের পর দুই অঙ্ক স্থান অবধি)
(a) 46.73 কিলোগ্রাম (b) 45.96 কিলোগ্রাম (c) 47.26 কিলোগ্রাম (d) 46.64 কিলোগ্রাম
49. 550 জন পুরুষের একটি ত্রাণ শিবিরে 28 দিনের জন্য খাবার মজুত ছিল। যদি ওই ত্রাণ শিবিরে আরও 150 জন যোগ দেয়, তবে ওই সমপরিমাণ খাদ্যে চলবে:
(a) 25 দিন (b) 10 দিন (c) 35 দিন (d) 22 দিন
50. একটি তাঁত যন্ত্র প্রতি সেকেন্ডে 0.128 মিটার কাপড় বোনে। 25 মিটার কাপড় বুনতে তাঁত যন্ত্রটির কত সেকেন্ড সময় লাগবে?
(a) 200 (b) 195 (c) 170 (d) 220
51. দু'টি প্রার্থীর মধ্যে একটি নির্বাচনে, 75% ভোটার তাদের ভোট দিয়েছেন, যার মধ্যে 2% ভোট অবৈধ ঘোষণা করা হয়েছিল। একজন প্রার্থী 9261টি ভোট পেয়েছেন যা বৈধ ভোটের 75% ছিল। মোট ভোটের সংখ্যা নির্ণয় করুন:
(a) 15800 (b) 16800 (c) 15700 (d) 16700
52. একটি আয়তাকার দৈর্ঘ্য এবং প্রস্থের অনুপাত 6 : 5। যদি প্রস্থ দৈর্ঘ্যের তুলনায় 34 মিটার কম হয়, তবে আয়তকার প্লটটির পরিসীমা কত?
(a) 408 মিটার (b) 814 মিটার (c) 374 মিটার (d) 748 মিটার

এরপর নয়ের পাতায়

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

## নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

40. A ও B একটি কাজ একসঙ্গে 15 দিনে করতে পারে, যদি B একা কাজটি 20 দিনে করে তাহলে A একা কাজটি কতদিনে করবে?
(a) 45 (b) 60 (c) 65 (d) 68
41. 200 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন কত সেকেন্ডে 175 মিটার লম্বা একটি টানেলকে অতিক্রম করবে, যদি ট্রেনটির গতিবেগ 54 কিমি/ঘণ্টা হয়?
(a) 10 সেকেন্ড (b) 20 সেকেন্ড (c) 25 সেকেন্ড (d) 30 সেকেন্ড
42. একটি সংখ্যার 40% এর 50% = 200 হলে সংখ্যাটি কত হবে?
(a) 1000 (b) 800 (c) 700 (d) 500
43. দু'টি সংখ্যার সমষ্টি 216 এবং তাদের গ.সা.গু 27 হলে সম্ভাব্য কতগুলি সংখ্যা জোড়া পাওয়া যাবে?
(a) 4 (b) 3 (c) 2 (d) 1
44. একটি পণ্যের ক্রয়মূল্য 500 টাকা, 20% লাভে বিক্রয়মূল্য কত হবে?
(a) 550 টাকা (b) 600 টাকা (c) 625 টাকা (d) 650 টাকা
45. একটি ট্রেন 108 কিলোমিটার/ঘণ্টা গতিতে 10 সেকেন্ডে একটি খুঁটি অতিক্রম করে। ট্রেনের দৈর্ঘ্য নির্ণয় করুন:
(a) 150 মিটার (b) 300 মিটার (c) 325 মিটার (d) 350 মিটার
46. জনগণনা 2027-এর থিম কী?
(a) প্রগতি ও বিকাশ (b) এক দেশ, এক অধিকার (c) ঐক্য, উন্নতি ও বিকাশ (d) 'আমাদের জনগণনা, আমাদের বিকাশ'
47. পশ্চিমবঙ্গের বর্তমান রাজ্যপাল কে?
(a) সুজয় চক্রবর্তী (b) সি বি আনন্দ বোস (c) আর এন রবি (d) কেশরীনাথ ত্রিপাঠী
48. লিটানি নদী কোন দেশে আছে?
(a) ইরাক (b) ইরান (c) লেবানন (d) ইজরায়েল
49. করবেট জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) উত্তরাখণ্ড (c) গুজরাট (d) পশ্চিমবঙ্গ
50. সৌরগজতের উদ্ঘাটন কে করেন?
(a) গ্যালিলিও (b) আর্যভট্ট (c) বরাহমিহির (d) কোপারনিকাস
51. কোন বছর হাওড়া ব্রিজের নাম বদলে রবীন্দ্র সেতু রাখা হয়েছিল?
(a) 1965 (b) 1964 (c) 1963 (d) 1962
52. দাক্ষিণাত্যের মালভূমি কোন শিলা দিয়ে তৈরি?
(a) গ্রানাইট (b) ব্যাসল্ট (c) বেলেপাথর (d) চুনাপাথর
53. 'Yellow Book' কোন দেশের জাতীয় নথি?
(a) চিন (b) ফ্রান্স (c) অস্ট্রেলিয়া (d) কুয়েত
54. মহাবিষুব দিন কোনটি?
(a) 24 মার্চ (b) 23 মার্চ (c) 22 মার্চ (d) 21 মার্চ
55. গদর পার্টি কবে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1913 (b) 1912 (c) 1911 (d) 1910
56. শুষ্ক বরফ কোনটি?
(a) কঠিন $HNO_3$ (b) কঠিন $CO_2$ (c) কঠিন $O_2$ (d) কঠিন $H_2S$
57. কোন গ্যাসটি গ্রিন হাউস এফেক্ট-এ সর্বাধিক ভূমিকা রাখে?
(a) $O_2$ (b) $CO_2$ (c) $H_2$ (d) $N_2$
58. ওহম-এর সূত্র কোনটি?
(a) $P = IV$ (b) $V = IR$ (c) $E = mc^2$ (d) $F = mt$
59. আলোকবর্ষ কী পরিমাপ করে?
(a) শক্তি (b) ভর (c) সময় (d) দূরত্ব
60. প্রতিবর্ত ক্রিয়া নিয়ন্ত্রণ করে:
(a) সুষুম্নাকাণ্ড (b) ডিম্বাশয় (c) ফুসফুস (d) মস্তিষ্ক
61. বস্তুর ভর নীচের কোন রাশিটির দ্বারা সূচিত হয়?
(a) বেগ/ত্বরণ (b) প্রযুক্ত বল/বেগ (c) ভরবেগের বৃদ্ধি (d) প্রযুক্তবল/ত্বরণ
62. লেবুতে কোন অ্যাসিড থাকে?
(a) ফরমিক অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) ল্যাক্টিক অ্যাসিড (d) ইউরিক অ্যাসিড
63. বল মাপার CGS একক কোনটি?
(a) ডাইন/সেকেন্ড (b) ডাইন (c) নিউটন (d) নিউট্রন
64. জলের পাইপ তৈরিতে ব্যবহৃত হয়:
(a) প্লাস্টিক (b) লেড (c) নাইলন (d) PVC
65. প্রেশার কুকারে:
(a) চাপ কমালে স্ফুটনাঙ্ক কমে (b) চাপ বাড়ালে স্ফুটনাঙ্ক বাড়ে (c) চাপ বাড়ালে স্ফুটনাঙ্ক বাড়ে (d) সবক'টিই
66. লাউড স্পিকারে কথা বলার সময় শব্দশক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়:
(a) তড়িৎ শক্তিতে (b) শব্দ শক্তিতে (c) তাপ শক্তিতে (d) যান্ত্রিক শক্তিতে
67. পদার্থের রাসায়নিক ধর্মের জন্য দায়ী:
(a) প্রোটন (b) নিউটন (c) ইলেক্ট্রন (d) মেসন
68. মানবদেহের দীর্ঘতম কোষ কোনটি?
(a) যকৃৎকোষ (b) পেশিকোষ (c) স্নায়ুকোষ (d) সবগুলিই
69. নিউটনের কোন সূত্রকে জাড্যের সূত্র বলে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) কোনওটিই নয়
70. যেসব অক্সাইড জলে দ্রবীভূত হয়ে অ্যাসিড উৎপন্ন করে তাদের কী বলে?

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

53. কিছু পরিমাণ মূলধন সরল সুদে 4 বছরে দ্বিগুণ হয়। কত বছরে তা সুদ-মূলে 8 গুণ হবে?

(a) 12 বছর (b) 28 বছর (c) 8 বছর (d) 24 বছর

54. একজন ব্যক্তি 9.50 টাকা কিলোগ্রাম দরে 35 কিলোগ্রাম চাল এবং 10.50 টাকা কিলোগ্রাম দরে 30 কিলোগ্রাম চাল কিনেছেন। তিনি দু'প্রকার চাল মিশ্রিত করেছেন। এই মিশ্রিত চাল প্রতি কিলোগ্রাম প্রায় কত দামে (টাকায়) বিক্রি করলে তার মোটের উপর 35% লাভ হবে?

(a) 12.50 (b) 13.50 (c) 12 (d) 13

55. পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য সামগ্রিক নম্বরের 40% পাওয়া প্রয়োজন। একজন ছাত্র 265 নম্বর পেয়েও সে 55 নম্বর কম পাওয়ার জন্য অনুত্তীর্ণ হয়েছে। উত্তর পরীক্ষায় মোট নম্বর কত?

(a) 730 (b) 550 (c) 800 (d) 650

56. বাবার বয়স মেয়ের চারগুণ। যদি 5 বছর পরে তার বয়স মেয়ের বয়সের তিনগুণ হয়, তবে আরও 5 বছর পরে, তিনি তার মেয়ের বয়সের কতগুণ হবেন?

(a) 2 গুণ (b) 3 গুণ (c) 1.5 গুণ (d) 2.5 গুণ

57. একটি দুই অঙ্কবিশিষ্ট সংখ্যার অঙ্কদ্বয়ের গুণফল 8। যখন সংখ্যাটির সঙ্গে 18 যোগ করা হয়, তখন সংখ্যাটির অঙ্কদ্বয়ের পরিবর্তন হয়। সংখ্যাটি কত?

(a) 24 (b) 81 (c) 18 (d) 32

58. মান নির্ণয় করুন: $0.002 \times 0.5 = ?$

(a) 0.001 (b) 0.1 (c) 0.0001 (d) 0.01

59. X-এর সঙ্গে 52% এবং Y-এর 30%-এর অনুপাত 12 : 5। যদি X-এর মান Y-এর চেয়ে 50 বেশি হয়, তাহলে '2x + Y'-এর মান কত হবে?

(a) 260 (b) 450 (c) 230 (d) 390

60. অমিত তার স্ত্রী সোমার চেয়ে 6 বছরের বড়। তাদের একমাত্র ছেলে বনির বয়স সোমার বর্তমান বয়সের $\frac{1}{3}$ অংশ। যদি অমিত এবং বনির বর্তমান বয়সের সমষ্টি 54 বছর হয়, তবে বনির জন্মের সময় সোমার বয়স কত ছিল?

(a) 28 (b) 36 (c) 24 (d) 32

61. তিনটি সংখ্যার সমষ্টি 136। যদি প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 2 : 3 এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অনুপাত 5 : 3 হয়, তবে দ্বিতীয় সংখ্যাটি হল:

(a) 48 (b) 60 (c) 40 (d) 52

62. 8 ঘণ্টা করে কাজ করে 15 জন পুরুষের 21 দিন সময় লাগে একটি কাজ সম্পন্ন করতে। 16 ঘণ্টা করে কাজ করলে 21 জন মহিলার সেই কাজটি শেষ করতে কত দিন সময় লাগবে, যদি 3 জন মহিলা 2 জন পুরুষের সমান কাজ করে?

(a) 20 দিন (b) 30 দিন (c) 18 দিন (d) 25 দিন

63. ঘণ্টায় 36 কিলোমিটার বেগে 100 মিটার দীর্ঘ একটি ট্রেন একটি টেলিগ্রাফ পোস্টকে কত সেকেন্ডে অতিক্রম করবে?

(a) 12 সেকেন্ডে (b) 18 সেকেন্ডে (c) 10 সেকেন্ডে (d) 15 সেকেন্ডে

64. 'A' একটি কাজ 12 দিনে করতে পারে। 'A' এবং 'B' কাজটি একসঙ্গে করলে তাদের সময় লাগে 8 দিন। যদি একা 'B' কাজটা করতে চায় তাহলে তার কতদিন সময় লাগবে?

(a) 18 (b) 28 (c) 15 (d) 24

65. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি 12 এবং পার্থক্য 6। দুই অঙ্কবিশিষ্ট সংখ্যাটি কত?

(a) 75 (b) 93 (c) 60 (d) 84

66. পাঁচটি ঘণ্টা যথাক্রমে 9 সেকেন্ড, 6 সেকেন্ড, 4 সেকেন্ড, 10 সেকেন্ড এবং 8 সেকেন্ড-এর ব্যবধানে বাজতে শুরু করে। এক ঘণ্টার ব্যবধানে তারা কতবার একসঙ্গে বাজবে?

(a) 18 (b) 12 (c) 5 (d) 10

67. সচিন তেন্ডুলকরের 11 ইনিংসের একটি নির্দিষ্ট রান রয়েছে। 12তম ইনিংসে তিনি 120 রান করেছেন এবং তার গড় রান 5 বৃদ্ধি পেয়েছে, তার নতুন গড় কত?

(a) 62 (b) 66 (c) 60 (d) 65

68. মোটর গাড়ির চাকা 440 মিটার চলতে 1000 বার ঘুরতে হয়। চাকার ব্যাস কত?

(a) 0.34 (b) 0.14 (c) 0.44 (d) 0.24

69. ছয়টি ঘণ্টা একসঙ্গে বাজা শুরু করে এবং যথাক্রমে 2, 4, 6, 8, 10 এবং 12 সেকেন্ড ব্যবধানে বাজে। 30 মিনিটে তারা একসঙ্গে কতবার বাজবে?

(a) 10 (b) 16 (c) 9 (d) 15

70. একটি আয়তক্ষেত্রের ও একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্য হয় 35 $cm^2$। যদি আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য এবং প্রস্থ বর্গক্ষেত্রটির বাহুর তুলনায় যথাক্রমে 50% বেশি ও 10% কম হয়, তাহলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত?

(a) 105 (b) 145 (c) 100 (d) 135

71.

| | | |
|---|---|---|
| 72 | 24 | 6 |
| 96 | 16 | 12 |
| 108 | ? | 18 |

(a) 12 (b) 18 (c) 20 (d) 16

72. যদি '+' মানে '×', '÷' মানে '–', '×' মানে '+', '–' মানে '÷' হয় তবে (2 + 27 – 3 + 2 × 3 ÷ 2)-এর মান নির্ণয় করুন:

(a) 35 (b) 27 (c) 39 (d) 37

73. যদি 2 সংখ্যাটি তলায় থাকে তবে কোন সংখ্যাটি ছক্কার উপরে থাকবে?




(a) 5 (b) 1 (c) 6 (d) 3

74. ভেন ডায়াগ্রামের সাহায্যে নীচের সম্পর্কটি ব্যাখ্যা করুন:
গায়ক, সংগীতকার, ডাক্তার




75. একটি সাংকেতিক ভাষায় 724 মানে 'leaf is green', 371 মানে 'greeen and blue' এবং 438 মানে sky is blue হলে, 'leaf' এবং 'is' কোন সংখ্যা দ্বারা বোঝানো হবে?

(a) 2 এবং 7 (b) 7 এবং 4 (c) 2 এবং 8 (d) 2 এবং 4

76. যদি 1 + 4 = 9, 2 + 8 = 18, 3 + 6 = 15, তাহলে 7 + 8 -এর মান কত?

(a) 41 (b) 30 (c) 32 (d) 23

77. 12, 25, 37, 49, ?

(a) 69 (b) 56 (c) 60 (d) 65

78. নীচের কোনটি প্রদত্ত শব্দের নিকটতম জলীয় প্রতিবিম্ব?

NUCLEAR

(a) ꓤAƎLCUИ (b) ИUCꓶƎAꓤ (c) ИՈCLEAꓤ (d) ИՈCꓶEAꓤ

79. রসিক উত্তর দিকে 20 মিটার হেঁটে যায়। এরপর ডানদিকে ঘুরে সে 30 মিটার হাঁটে। এরপর আবার ডানদিকে ঘুরে 35 মিটার যায়। এরপর বাঁদিকে ঘুরে 15 মিটার যায়। তারপর আবার বাঁদিকে ঘুরে 15 মিটার যায়। রসিক বর্তমানে তার শুরুর স্থান থেকে কত দূরে এবং কোন দিকে আছে?

(a) 15 মিটার পশ্চিমে (b) 30 মিটার পশ্চিমে (c) 45 মিটার পূর্বে (d) 30 মিটার পূর্বে

80. A B C D E F G H I J K L M N Q P Q R S T U V W X Y Z

উপরের বর্ণমালার কোন অক্ষরটি বর্ণমালার শেষের অক্ষরের আগের অক্ষরের বাঁদিকের দশম স্থানের অক্ষরের ডানদিকে অষ্টম স্থানে আছে?

(a) X (b) I (c) H (d) W

81. যদি 'FISH'-কে 'EHRG' লেখা হয়, তবে 'JUNGLE' হবে:

(a) ITNFKD (b) ITMFKD (c) TIMFKD (d) KVOHMF

82. যদি P মানে '×', R মানে '+', T মানে '÷' এবং S মানে '–' হয় তবে 18 T 3 P 9 S 8 R 6 হবে:

(a) 12 (b) 52 (c) $-1\frac{1}{3}$ (d) 2

83. A, P, R, X, S এবং Z একটি সারিতে বসে আছে S এবং Z কেন্দ্রে। A এবং P দুই প্রান্তে বসে আছে। R, A-এর বাঁদিকে বসে আছে। X, S-এর বাঁদিকে বসে আছে। P -এর ডানদিকে কে বসে আছে?

(a) X (b) A (c) Z (d) S

84. নিম্নলিখিত সংখ্যাগুলির মধ্যে বিষম সংখ্যাটি নির্ণয় করুন:
8, 27, 64, 100, 125, 216, 343

(a) 100 (b) 27 (c) 343 (d) 125

85. প্রশ্নবোধক ( ?) স্থানে কী বসবে?

Safe : Secure : : Protect : ?

(a) Lock (b) Guard (c) Conserve (d) Sure

86. নীচের চারটি শব্দের মধ্যে তিনটির একটি নির্দিষ্ট বিষয়ে সাদৃশ্য (similarily) আছে। কোনটির মধ্যে সাদৃশ্য নেই?

(a) পারদ (Mercury) (b) তামা (Copper) (c) দস্তা (Zinc) (d) লোহা (Iron)

87. প্রশ্নবোধক চিহ্নে কোন নকশাটি বসবে?




(a) (b) (c) (d)

88. কোনও সাংকেতিক ভাষায় '481' মানে আকাশ হয় নীল', '246' মানে 'সমুদ্র গভীর হয়' এবং '698' মানে 'সমুদ্র দেখতে নীল'। 'আকাশ' কোন সংখ্যা দিয়ে বোঝানো হয়েছে?

(a) 6 (b) 8 (c) 1 (d) 4

89. নীচের সিরিজটিতে কিছু বর্ণ নেই। শূন্যস্থানগুলিতে নীচের কোনটি বসালে সিরিজটি সামঞ্জস্যপূর্ণ হবে?

— bc — ca — cab — a — ca.

(a) bacba (b) abbcb (c) abcbb (d) bbbcc

90. নীচের সংখ্যাবর্গে কতগুলি 5 আছে যার ঠিক অব্যবহিত পূর্বে 3 বা 4 আছে কিন্তু ঠিক পরে 8 বা 9 নেই?

3 5 9 5 4 5 5 3 5 8 4 5 6 7 3 5 7 5 5 4 5 2 3 5 1 0

(a) 4 (b) 3 (c) 5 (d) 6

91. প্রশ্নবোধক স্থানে কী বসবে?

January : November : : Sunday : ?

(a) Thursday (b) Friday (c) Monday (d) Wednesday

92. একটি পরিবারের সদস্য সংখ্যা 6 এবং তাঁরা হলেন P, Q, R, X, Y এবং Z। P এবং R বিবাহিত দম্পতি। Q, R-এর পুত্র কিন্তু R, Q -এর মা নন। Y, R-এর ভাই। X, P-এর কন্যা এবং Z, P-এর ভাই হলে, ওই পরিবারের কতজন সদস্য মহিলা?

*এরপর দশের পাতায়*

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) আম্লিক অক্সাইড (b) কার্বন-ডাই-অক্সাইড (c) ক্ষারকীয় অক্সাইড (d) কোনওটিই নয়

71. ক্যালসিয়াম ক্লোরাইড ও পটাশিয়াম ডাইক্রোমেটের মিশ্রণে ঘন সালফিউরিক অ্যাসিড দিলে কী হবে?

(a) নীল শিখা দেখা যাবে (b) দইয়ের মতো সাদা অধঃক্ষেপ পড়বে (c) লাল ধোঁয়া তৈরি হবে (d) কোনও পরিবর্তন দেখা যাবে না

72. আয়োডিনের অভাব-জনিত রোগ কোনটি?

(a) দাঁতের ক্ষয় (b) গলগন্ড (c) রক্তাল্পতা (d) ম্যারামাস

73. কোষ বিভাজনের প্রস্তুতি পর্ব হল:

(a) মেটাফেজ (b) টেলোফেজ (c) ইন্টারফেজ (d) অ্যানাফেজ

74. সোনোরা-64 হল এক ধরনের:

(a) উচ্চফলনশীল ধান (b) উচ্চফলনশীল ডাল (c) মিলেট (d) উচ্চফলনশীল গম

75. পারপুরা রোগ হয়:

(a) শ্বেতকণিকা কমে গেলে (b) শ্বেতকণিকা স্বাভাবিক অপেক্ষা বেড়ে গেলে (c) অনুচক্রিকার সংখ্যা বাড়লে (d) অনুচক্রিকার সংখ্যা কমলে

#### উত্তর

40(b), 41(c), 42(a), 43(c), 44(b), 45(b), 46(d), 47(c), 48(c), 49(b), 50(d), 51(a), 52(b), 53(b), 54(d), 55(a), 56(b), 57(b), 58(b), 59(d), 60(a), 61(d), 62(b), 63(b), 64(d), 65(b), 66(a), 67(c), 68(c), 69(a), 70(a), 71(c), 72(b), 73(c), 74(d), 75(d).

#### সমাধান

1(c): $2^3, 3^2, 4^3, 5^3, 6^3, 7^3$ এইভাবে চিত্রটি তৈরি।

3(d): উত্তর আমেরিকার তৃণভূম প্রেইরি, ডাউন অস্ট্রেলিয়ার তৃণভূমি।

5(d): $42 \div 98 + 60 \times 12 - 10 \Rightarrow 42 + 98 - 60 \div 12 \times 10 \Rightarrow 140 - 50 = 90.$

6(d): $10 \xrightarrow{+90} 100 \xrightarrow{+100} 200 \xrightarrow{+110} 310 \xrightarrow{+120} 430.$

7(a): 10 সূত্র: $\frac{n(n-1)}{2}$ [n = শিশুর সংখ্যা]

8(b): জুন মাস 30 দিনে, অন্য মাসগুলো 31 দিনে।

9(c): এক্ষেত্রে কাজের সঙ্গে নিবিড়ভাবে যুক্ত থাকার কথা নির্দেশ করা হয়েছে। এখানে সেক্রেটারি : স্টেনোগ্রাফি সম্পর্কের ন্যায় আবহবিদ : আবহাওয়া সম্পর্কটিই সব থেকে বেশি মেলে।

11(d): A = 1, B = 3, C = 5...

একইভাবে, D = 7, E = 9, S = 37, K = 21

∴ DESK = 7 + 9 + 37 + 21 = 74.

12(a): $A \xrightarrow{+3} D \xrightarrow{+4} H \xrightarrow{+5} M \xrightarrow{+6} S \xrightarrow{+7} Z.$

13(b): b ব্যতীত অন্য সংখ্যাগুলি যোগ করে 28 হয়।

14(b): Sty যেখানে Pig রাখা হয়
Byre যেখানে Cow রাখা হয়।

15(c): $(5)^2 + 2 = 27, (9)^2 + 2 = 83.$

16(a): $4^2 - 12 = 16 - 12 = 4, 6^2 - 29 = 36 - 29 = 7, 7^2 - 38 = 49 - 38 = 11, 9^2 - 75 = 81 - 75 = 6.$

17(a):




18(c): STOP ⇒ TOP, POT, OPT ⇒3টি ইংরেজি শব্দ গঠিত হয়।

19(b): $3 \Rightarrow 3 \times 2 \times 1 = 6, 4 \Rightarrow 4 \times 3 \times 2 \times 1 = 24$
$5 \Rightarrow 5 \times 4 \times 3 \times 2 \times 1 = 120, 6 \Rightarrow 6 \times 5 \times 4 \times 3 \times 2 \times 1 = 720.$

21(d): থাকার স্থান।

22(b): সারির সদস্য সংখ্যা = (19 + 19 – 1) = 37.

23(c):




24(a):

| | | | | |
|---|---|---|---|---|
| A | B | E | K | R |
| B | R | A | K | E |

25(a): Flock = ভেড়ার পাল।

26(a): x : y = 3 : 4, x = 3, y = 4

$\frac{4x+3y}{5x-y} = \frac{12+12}{15-4} = \frac{24}{11} = 24 : 11.$

27(c): $\frac{(256)^2-(144)^2}{112} = \frac{(256+144)(256-144)}{112} = \frac{400 \times 112}{112} = 400.$

28(d): 869 – 653 = 216, 1229 – 869 = 360 ও 1229 – 653 = 576

∴ নির্ণেয় সংখ্যা = 216, 360, 576 -এর গ.সা.গু = 72.

29(b): 20, 42, 63-এর ল.সা.গু = 1260

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 1260 + 1 = 1261.

30(c): পরিবারটির রোজগার = $\frac{10}{7} \times 10500 = 15000$ টাকা

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

(a) 4 (b) অনির্ণেয় (c) 2 (d) 3

93. নীচের কোন ছবিটি পেন, পেনসিল ও স্টেশনারি সম্পর্ক নির্দেশ করে?



(a) (b) (c) (d)

94. কোনও সাংকেতিক ভাষায় 'MOTHER'-কে 'ONHURF' লেখা হলে 'ANSWER'-কে কীভাবে লেখা হবে?

(a) MAVSPE (b) NBWRF (c) NBXSSE (d) NBWRRF

95. ছবিতে একজন মহিলাকে দেখিয়ে রাজীব বলল, 'ওনার মায়ের একমাত্র নাতির মা হলেন আমার স্ত্রী'। মহিলার সঙ্গে রাজীবের সম্পর্ক কী?

(a) মা (b) বোন (c) স্ত্রী (d) শাশুড়ি

96. প্রশ্নবোধক স্থানে কোন সংখ্যাটি বসবে?

9 : 7 : : 80 : ?

(a) 50 (b) 82 (c) অনির্ণেয় (d) 48

97. নীচের শব্দগুলি অভিধান অনুযায়ী কোন বিন্যাসে সাজানো হবে?

i. Epitaxy ii. Episode iii. Epigene iv. Epitome v. Epilogue

(a) iii, v, ii, iv, i (b) iii, v, ii, i, iv (c) iii, ii, v, i, iv (d) iii, ii, v, iv, i

98. নীচের সিরিজটিতে প্রশ্নবোধক স্থানে কোন সংখ্যাটি বসবে?

8, 6, 9, 23, 87, ?

(a) 128 (b) 324 (c) 429 (d) 226

99. সুবীর 30 মিটার পূর্বদিকে যাওয়ার পর ডানদিকে ঘুরল এবং 40 মিটার পথ অতিক্রম করল। তারপর সে বাঁদিকে ঘুরল এবং 30 মিটার পথ অতিক্রম করল। এখন সে যাত্রা শুরু করার স্থান থেকে কোন দিকে আছে?

(a) পূর্ব (b) উত্তর-পূর্ব (c) দক্ষিণ-পূর্ব (d) দক্ষিণ

100. CARD : IGXJ : : POST : ?

(a) UTXY (b) UTYZ (c) VUXY (d) VUYZ

### উত্তর

1(a), 2(d), 3(b), 4(b), 5(d), 6(a), 7(a), 8(a), 9(c), 10(c), 11(a), 12(a), 13(a), 14(b), 15(b), 16(a), 17(c), 18(b), 19(a), 20(c), 21(b), 22(b), 23(d), 24(d), 25(d), 26(b), 27(d), 28(b), 29(a), 30(c), 31(b), 32(a), 33(b), 34(d), 35(d), 36(d), 37(c), 38(a), 39(b), 40(b), 41(b), 42(c), 43(c), 44(a), 45(c), 46(a), 47(c), 48(a), 49(d), 50(b), 51(b), 52(d), 53(b), 54(b), 55(c), 56(d), 57(a), 58(a), 59(b), 60(c), 61(b), 62(b), 63(c), 64(d), 65(b), 66(d), 67(d), 68(b), 69(d), 70(d), 71(a), 72(d), 73(c), 74(d), 75(d), 76(d), 77(c), 78(c), 79(c), 80(d), 81(b), 82(b), 83(a), 84(a), 85(b), 86(a), 87(d), 88(c), 89(b), 90(a), 91(d), 92(c), 93(a), 94(b), 95(c), 96(d), 97(b), 98(c), 99(c), 100(d).

### সমাধান

46(a): ধরি, ভগ্নাংশটি $= \frac{x}{y}$

শর্তানুসারে, $\frac{300x}{250y} = \frac{9}{35} \Rightarrow 14x = 3y, \therefore \frac{x}{y} = \frac{3}{14}$

মূল ভগ্নাংশটি $= \frac{3}{14}$ .

47(c): যাত্রাপথের গড় গতিবেগ $= \frac{2 \times 24 \times 30}{(24+30)}$ কিলোমিটার/ঘণ্টা

$= \frac{2 \times 24 \times 30}{54}$ কিলোমিটার/ঘণ্টা = 26.6 কিলোমিটার/ঘণ্টা।

48(a): 75টি মেয়ের মোট ওজন = 75 × 47 = 3525 কিলোগ্রাম

যেহেতু, 45 কিলোগ্রাম একজনের প্রকৃত ওজন 25 কিলোগ্রাম

তাই (45 – 25) = 20 কিলোগ্রাম ওজন কমবে

75টি মেয়ের আসল গড় ওজন $\frac{(3525-20)}{75} = \frac{3505}{75} = 46.73$ কিলোগ্রাম।

49(d): 550 × 28 = (550 + 150) × D

$D = \frac{550 \times 28}{700} = 22$ ∴ ওই সমপরিমাণ খাদ্যে 22 দিন চলবে।

50(b): 0.128 মিটার কাপড় বোনে 1 সেকেন্ডে

1 মিটার কাপড় বোনে $\frac{1}{0.128}$ সেকেন্ডে

25 মিটার কাপড় বোনে $\frac{1000}{128} \times 25$ সেকেন্ডে = 195.31 = 195 সেকেন্ড (প্রায়)

∴ 195 সেকেন্ড সময় লাগবে।

51(b): ধরি, মোট ভোটার 100 জন

বৈধ ভোট $= \frac{75 \times 98}{100}$ ∴ $\frac{75 \times 98 \times 75}{100 \times 100} = 9261$

$100 = \frac{5261 \times 100 \times 100 \times 100}{75 \times 98 \times 75} = 16800.$

52(d): 6x – 5x = 34, x = 34

প্লটটির পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 2 × (34 × 6 + 34 × 5)

= 2 × 34 × 11 = 748 মিটার

প্লটটির পরিসীমা 748 মিটার।

53(b): 100 টাকার 100 টাকা সুদ হয় 4 বছরে

100 টাকার 700 টাকা সুদ হয় 28 বছরে

∴ 28 বছরে সুদে-মূলে 8 গুণ হবে।

54(b): মিশ্রিত চালের প্রতি কিলোগ্রাম মূল্য

$= \frac{9.50 \times 35 + 10.50 \times 30}{(35+30)}$ টাকা $= \frac{332.50 + 315}{65}$ টাকা = 9.96 টাকা

35% লাভ হলে বিক্রিত মূল্য হবে $= 0.96 \times \frac{135}{100}$ টাকা = 13.50 টাকা (প্রায়)

∴ প্রতি কিলোগ্রাম বিক্রিত মূল্য 13.50 টাকা।

55(c): ধরি, পরীক্ষার মোট নম্বর = x

$\frac{40x}{100} = 265 + 55, x = \frac{320 \times 100}{40} = 800$ ∴ পরীক্ষার মোট নম্বর 800.

56(d): ধরি মেয়ের বয়স = x বছর

বাবার বয়স = 4x বছর

প্রশ্নানুযায়ী, 4x + 5 = 3 (x + 5)

x = 10

মেয়ের বর্তমানে বয়স = 10 বছর

10 বছর পর মেয়ের বয়স হবে 20 বছর

বাবার বর্তমানে বয়স 40 বছর

10 বছর পর বাবার বয়স হবে 50 বছর, যা 20 বছরের 2.5 গুণ

আরও 5 বছর পর বাবার বয়স মেয়ের বয়সের 2.5 গুণ।

57(a): ধরি, এককের অঙ্ক = x

দশকের অঙ্ক $= \frac{8}{x}$, সংখ্যাটি $= 10.\frac{8}{x} + x$

প্রশ্নানুসারে, $\frac{80}{x} + x + 18 = 10x + \frac{8}{x}$

$80 + x^2 + 18x = 10x^2 + 8$

$9x^2 - 18x - 72 = 0, x^2 - 2x - 8 = 0, x^2 - 4x + 2x - 8 = 0$

x(x – 4) + 2(x – 4) = 0, (x – 4) (x + 2) = 0, x = 4

দশকের অঙ্ক $\frac{8}{4} = 2$ ∴ সংখ্যাটি = 24.

58(a): $0.002 \times 0.5 = \frac{10}{10000} = .001.$

59(b): $x \times \frac{52}{100} : y \times \frac{30}{100} = 12 : 5$

বা, $\frac{x}{y} = \frac{12}{5} \times \frac{15}{26}$ বা, $\frac{x}{y} = \frac{36}{26}$

∴ (36 – 26) K = 50 বা, $K = \frac{50}{10} = 5$

∴ x = 36 × 5 = 180 ∴ y = 26 × 5 = 130

∴ 2x + y = (2 × 180 + 130) = 490 ∴ নির্ণেয় মান = 490.

60(c): ধরি, সোমার বর্তমান বয়স x বছর

সোমার ছেলের বয়স $\frac{x}{3}$ বছর

অমিতের বয়স = x + 6

শর্তানুসারে, $x + 6 + \frac{x}{3} = 54$ বছর

বা, $\frac{4x}{3} = 48$ বা, x = 36

সোমার বয়স = 36 বছর

সোমার ছেলের বয়স = 12 বছর

বনির জন্মের সময় সোমার বয়স = (36 – 12) বছর = 24 বছর।

61(b); প্রথম : দ্বিতীয় = (2 : 3) × 5 = 10 : 15

দ্বিতীয় : তৃতীয় = ( 5 : 3) × 3 = 15 : 9

∴ প্রথম : দ্বিতীয় : তৃতীয় = 10 : 15 : 9

∴ 10x + 15x + 9x = 136 ∴ 34x = 136 ∴ x = 4

∴ দ্বিতীয় সংখ্যাটি হল = 4 × 15 = 60.

62(b): 3 জন মহিলার কাজ 2 জন পুরুষের সমান কাজ

1 জন মহিলার কাজ $\frac{2}{3}$ জন পুরুষের সমান কাজ

21 জন মহিলার কাজ 14 জন পুরুষের সমান কাজ

8 × 15 × 21 = 6 × 14 × D বা, $D = \frac{8 \times 15 \times 21}{6 \times 14} = 30$

∴ কাজটি শেষ করতে 30 দিন সময় লাগবে।

63(c): 36000 মিটার অতিক্রম করে 3600 সেকেন্ডে

1 মিটার অতিক্রম করে $\frac{3600}{36000}$ সেকেন্ডে

100 মিটার অতিক্রম করে $\frac{3600}{36000} \times 100$ সেকেন্ডে = 10 সেকেন্ড

∴ 10 সেকেন্ডে অতিক্রম করবে।

64(d): B একা 1 দিনে কাজ করে $= \left(\frac{1}{8} - \frac{1}{12}\right)$ অংশ $= \frac{1}{24}$ অংশ

∴ B একা 24 দিনে কাজ করবে।

65(b): ধরি, দশকের অঙ্ক x এবং এককের অঙ্ক y

x + y = 12, x – y = 6

$x = \frac{12+6}{2} = 9, y = \frac{12-6}{2} = 3$ ∴ সংখ্যাটি 93.

66(d):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 2 | 9 | 6 | 4 | 10 | 8 |
| 2 | 9 | 3 | 2 | 5 | 4 |
| 3 | 9 | 3 | 1 | 5 | 2 |
| | 3 | 1 | 1 | 5 | 2 |

ল.সা.গু = 2 × 2 × 3 × 3 × 5 × 2 = 360 সেকেন্ড = 6 মিনিট

∴ এক ঘণ্টায় অর্থাৎ 60 মিনিটের $\frac{60}{6}$ ব্যবধানে = 10 বার একসঙ্গে বাজবে।

67(d): ধরি, 11তম ইনিংসে গড় রান হয়েছে = x

11x + 120 = 12(x + 5), x = 60

∴ তার নতুন গড় 60 + 5 = 65.

68(b): 1000 বার ঘুরতে পথ অতিক্রম হয় 440 মিটার

1 বার ঘুরতে পথ অতিক্রম হয় $\frac{440}{1000}$ মিটার $= \frac{44}{100}$ মিটার

চাকাটির পরিধি $\frac{44}{100}$ মিটার

ধরি, ব্যাসার্ধ r, ব্যাস 2r

$2\pi r = \frac{44}{100}$ , 2r ব্যাস = 0.14 মিটার

∴ চাকার ব্যাস হল 0.14 মিটার।

69(d):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 2 | 2 | 4 | 6 | 8 | 10 | 12 |
| 2 | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 3 | 1 | 1 | 3 | 2 | 5 | 3 |
| | 1 | 1 | 1 | 2 | 5 | 1 |

ল.সা.গু = 2 × 2 × 3 × 2 × 5 = 120 সেকেন্ড = 2 মিনিট

∴ 30 মিনিটে বাজবে $\frac{30}{2} = 15$ বার বাজবে

∴ একসঙ্গে 15 বার বাজবে।

70(d): ধরি, বর্গক্ষেত্রটির বাহু 100 cm

আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য $\left(\frac{100 \times 150}{100}\right) = 150$ cm

এবং প্রস্থ $\left(\frac{100 \times 90}{100}\right) = 90$ cm

আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $150 \times 90 \text{ cm}^2 = 13500 \text{ cm}^2$

$150 \times 90 - (100)^2 = 35$ বা 13500 – 10000 = 35

বা 3500 = 35, বা, 13500 = 35

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $135 \text{ cm}^2$.

71(a): 72 ÷ 6 = 12 × 2 = 24

একইভাবে, 108 ÷ 18 = 6 × 2 = 12.

72(d): 2 + 27 – 3 + 2 × 3 ÷ 2 = 2 × 27 ÷ 3 × 2 + 3 – 2 = 54 ÷ 3 × + 3 – 2 = 18 × 2 + 1 = 37.

73(c):
6 4 1
2<
6 3 5

2 সংখ্যাটি নীচে থাকলে 6 সংখ্যাটি উপরে থাকবে।

74(d):




75(d): leaf (is) [green] ⇒ [7] 2 (4)
[green] and blue ⇒ 3 [7] 1
sky (is) blue ⇒ (4) 3 8

leaf ⇒ 2, is ⇒ 4.

76(d): 4 × 2 + 1 = 9, 8 × 2 + 2 =18, 6 × 2 + 3 =15

8 × 2 + 7 = 23.

77(c): $12 \xrightarrow{+13} 25 \xrightarrow{+12} 37 \xrightarrow{+12} 49 \xrightarrow{+11} 60.$

78(c): নিকটতম জলীয় প্রতিবিম্ব NUCLEAR

79(c):




45 মিটার পূর্বে আছে।

80(d): A B C D E F G H I J K L M N O P Q R S T U V W X Y Z

শেষের অক্ষরের অগের অক্ষরের বাঁদিকের দশম স্থানে আছে O অক্ষরের ডানদিকে অষ্টম স্থানে আছে W.

81(b): F I S H
↓–1 ↓–1 ↓–1 ↓–1
E H R G

একইভাবে, J U N G L E
↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1
I T M F K D

82(b): 18 T 3 P 9 S 8 R 6 = 18 ÷ 3 × 9 – 8 + 6

= 54 – 2 = 52.

83(a): A R Z S X P

P-এর ডানদিকে X বসে আছে।

84(a): $2^3 = 8, 3^3 = 27, 4^3 = 64, 5^3 = 125, 6^3 = 216, 7^3 = 343, 10^2 = 100$

সুতরাং, 100 সংখ্যাটি বিষম।

85(b): Protect ⇒ Guard,

88(c): আকাশ (হয়) [নীল] ⇒ (4) [8] 1
সমুদ্র গভীর (হয়) ⇒ 2 (4) 6
সমুদ্র দেখতে [নীল] ⇒ 6 9 [8]

আকাশ ⇒ 1.

89(b): _a_ bc _b_ ca _b_ cab _c_ a _b_ ca

∴ abbcb.

90(a): 3 5 9 5 4 5 5 3 5 8 4 5 6 7 3 5 7 5 5 4 5 2 3 5 10

91(d): January + 10 মাস, Sunday + 10 দিন।

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**ইঞ্জিনিয়ারিং ড্রয়িংয়ের প্রশ্ন**

1. What do you understand by scale 1 : 2?
(a) Full Size (b) Enlarging Size (c) Reducing Size (d) None of these
2. Which scale will you use for drawing watch parts?
(a) Full Size Scale (b) Enlarging Scale (c) Reducing Scale (d) All of these
3. Name the device which is used for marking and dividing small distances.
(a) Small Compass (b) Large Compass (c) Protractor (d) Ruling Pen
4. Which size of drawing board do you work on?
(a) B0 (b) B1 (c) B2 (d) B4
5. Which of the following statements is false?
(a) For A-size sheets, mentioning the length and width of the sheet is a normal practice (b) Mentioning GSM value for A-size sheets is a normal practice (c) For A-size sheets, it is common to refer to the area of the sheet (d) All of the above
6. 2H pencil is used:
(a) To draw dark lines (b) To draw thick lines (c) To draw less visible lines (d) None of these
7. The drawing board is made up of several parts. One part among them is the batten. The purpose of the batten is:
(a) To fasten the strips (b) To stop warping (c) To separate the strips (d) Both (a) and (b)
8. Which of the following set does not occur in the set square?
(a) 15°, 75°, 90° (b) 45°, 45°, 90° (c) 30°, 60°, 90° (d) None of these
9. The Centre marking on all four sides of the drawing sheet is called:
(a) Margin (b) Grid Reference (c) Orientation Mark (d) Object Reference
10. On which of the following paper is the drawing made called a blueprint?
(a) Tracing Paper (b) Bond Paper (c) Ammonia Paper (d) None of these
11. In what form does engineering drawing originate as an activity?
(a) Records (b) Type (c) Product (d) None of these
12. The eraser generally used for engineering drawing is ___ pencil rubber.
(a) Soft black (b) Soft white (c) Hard white (d) Hard green
13. A drafting machine serves the functions of:
(a) Protractor (b) Scale (c) T-square and set squares (d) All of these
14. During operation of drafter, the two arms of the drafter remain at ______.
(a) 45° (b) 90° (c) 180° (d) Any angle
15. Which one of the following pencil has the hardest lead?
(a) HB (b) H (c) B (d) F
16. Which set of lead grades has a grade out of sequence?
(a) H, HB, B, 3B (b) HB, H, F, 3H (c) 6B, B, H, 4H (d) 9H, HB, B, 2B
17. Which of the following is the lightest pencil?
(a) 2B (b) 1B (c) HB (d) H
18. BIS specifies D-series of drawing boards and T-series of T-squares. The drawing board and Tsquare are specified in ______ sizes respectively.
(a) 5,5 (b) 4,4 (c) 5,4 (d) 4,5
19. The abbreviation 'SR' marked on an engineering drawing stands for:
(a) Sectional Recess (b) Spherical Radius (c) Surface Relief (d) Screw Puncher
20. Which thread is often used in engineering applications?
(a) Coarse pitch – close fit (b) Coarse pitch – medium fit (c) Fine pitch – close fit (d) Fine pitch – medium fit
21. The top surface connecting the flanks of the thread is:
(a) Root (b) Crest (c) Pitch (d) Lead
22. A thread is referred to in the following manner: M20 × 1.5 – 5H. The number 20 represents the:
(a) Pitch (b) Pitch diameter (c) Large (Major) diameter (d) Tolerance
23. In a single-start thread, lead is:
(a) Same as pitch (b) Twice the pitch (c) Half of the pitch (d) Triple the pitch
24. The angle of B.S.W. thread is:
(a) 70° (b) 47° (c) 80° (d) 55°
25. In B.S.W. thread, the value of pitch is:
(a) 1/(Threads per inch) (b) Threads per inch (c) 1/(2 × Threads per inch) (d) 2 × Threads per inch
26. Angle is measured by:
(a) Plain scale (b) Comparative scale (c) Scale of chords (d) Diagonal scale
27. When the intersection plane passes through the cone in such a way that it is perpendicular to the base and lies in the middle of the base, such a section is called:
(a) Triangle (b) Rectangle (c) Square (d) Circle
28. Name the triangle in which all the three angles are less than 90°.
(a) Obtuse angle triangle (b) Right angle triangle (c) Acute angle triangle (d) Complementary triangle
29. The shape of set square is:
(a) Circular (b) Rectangular (c) Triangular (d) Rectangular
30. For a well-conditioned triangle, no angle should be less than:
(a) 20° (b) 30° (c) 45° (d) 60°
31. In a well-conditioned triangle, one angle should not be less than:
(a) 60° (b) 50° (c) 30° (d) 45°
32. Delta, Percent, Angle, Total, Dynamic are the options for which command?
(a) Extend (b) Lengthen (c) Trim (d) Chamfer
33. What will happen if a rectangle is revolved around a side?
(a) Cylinder (b) Cone (c) Pyramid (d) Prism
34. An isometric projection is a:
(a) To view in 2D (b) To view in 3D (c) To view in 4D (d) To view in perspective
35. While making isometric projection, the ellipse is preferably drawn by:
(a) Concentric circle method (b) Four-centred method (c) Parallelogram method (d) System method
36. If the top view of a line is a point, its front view is:
(a) Perpendicular to the reference line and equal to its true length (b) Perpendicular to the reference line and of apparent length (c) Parallel to the reference line and of true length (d) Parallel to the reference line and of apparent length
37. An asymmetric object is usually described by:
(a) 6 views (b) 3 views (c) 4 views (d) 2 views
38. The plane which is inclined equally to the reference axis is called:
(a) Hexahedral plane (b) Tetrahedral plane (c) Pentagonal plane (d) Octahedral plane
39. If a square plane is kept perpendicular to both the horizontal and vertical planes, its true shape is seen in:
(a) Vertical Plane (VP) (b) Horizontal Plane (HP) (c) Profile Plane (PP) (d) Auxiliary Inclined Plane

**Basic Electronics**

40. Midway between two equal and similar charges, a third equal and similar charge is placed.
Then this third charge will:
(a) Remain in stable equilibrium (b) Be in unstable equilibrium (c) Not be in equilibrium (d) Will move out of the field to influence the two charges
41. The electric flux and field intensity inside a conducting sphere is:
(a) Zero (b) Maximum (c) Uniform (d) Minimum

**Answers**

1(c), 2(b), 3(a), 4(c), 5(d), 6(c), 7(d), 8(a), 9(c), 10(c), 11(a), 12(b), 13(d), 14(b), 15(b), 16(b), 17(d), 18(c), 19(b), 20(b), 21(b), 22(c), 23(a), 24(d), 25(a), 26(c), 27(a), 28(c), 29(c), 30(b), 31(c), 32(b), 33(a) 34(b), 35(b), 36(a), 37(b), 38(d), 39(c), 40(a), 41(a).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: গোবিন্দ সাহা*

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

সঞ্চয় = 15000 – 10500 = 4500 টাকা।

31(b): অনুপাত $1 : \frac{1}{3} : \frac{1}{6} = 6 : 2 : 1$

অনুপাতের যোগফল = 6 + 2 + 1 = 9

মধ্য অংশ $= \frac{2}{9} \times 78 = \frac{52}{3} = 17\frac{1}{3}$.

32(a): $\frac{120}{10} = 12 \Rightarrow (4 \times 3)$

সংখ্যা দু'টি 40, 30 ∴ (40 + 30) = 70.

33(c): $a^3 - b^3 = (a - b)(a^2 + ab + b^2$

$\therefore \frac{a^2+b^2+ab}{a^3-b^3} = \frac{a}{a-b} = \frac{1}{11-9} = \frac{1}{2}$.

34(a):(56 + 29) ={(8 × 7) + (8 × 3) + 5}-কে 8 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে 5.

35(c): সংখ্যাটি = x ধরা হলে, 13x + 180
বা, 12x = 180 বা, x = 15.

36(b): ধরা যাক, সংখ্যা দু'টি 3x এবং 4x
ল.সা.গু = 3 × 4 × x = 12x
প্রশ্নানুযায়ী, 12x = 180, x = 15
∴ বড় সংখ্যাটি হবে 15 × 4 = 60.

37(d): $20 + 30 + \frac{20 \times 30}{100} = 50 + 6 = 56\%$.

38(d): 90% of A = 30% of B ⇒ 3A = B, $\frac{B}{A} = \frac{3}{1} \times 100 = 300\%$.

39(d): $\frac{21000}{105} \times 115 = 23000$.

40(b): $\left(\frac{1}{15} - \frac{1}{20}\right) = \frac{4-3}{60} = \frac{1}{60}$ অংশ = 60 দিন।

41(c): $\frac{(200+175)}{54 \times 5/18} = \frac{375}{15} = 25$ সেকেন্ড।

42(a); 40% × 50% = 200 ⇒ 20% = 200
⇒ সংখ্যা $= 200 \times \frac{100}{20} = 1000$.

43(c): সংখ্যা দু'টির অনুপাতের পদ দু'টির যোগফল $= \frac{216}{27} = 8$
পরস্পর মৌলিক জোড়গুলি হল (1, 7) (3, 5) = 2টি।

44(b): SP = 500 × 1.2 = 600 টাকা।

45(b): 108 কিমি/ঘণ্টা $= 108 \times \frac{5}{18}$ = 30 মিটার/সেকেন্ড
= 30 × 10 = 300 মিটার।

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

92(c):



মহিলা সদস্য হলেন = P, X
পরিবারে মহিলা সদস্য হলে 2 জন।

94(b): MOTHER ⇒ ONHURF
MO ⇒ ON
TH ⇒ HU
ER ⇒ RF
(দ্বিতীয় বর্ণটি সামনে আসছে এবং প্রথম বর্ণটি পরের বর্ণে পরিবর্তিত হয়ে দ্বিতীয় স্থানে বসেছে)
অনুরূপভাবে, ANSWER ⇒ NBWTRF.

95(c):



মহিলাটি রাজীবের স্ত্রী।

96(d): 9 : 7 : : 80 : 48
$9^2 - 1 = 80$
অনুরূপে, $7^2 - 1 = 48$.

98(c): 8 × 1 – 2 = 6
6 × 2 – 3 = 9
9 × 3 – 4 = 23
23 × 4 – 5 = 87
87 × 5 – 6 = 429.

99(c):



অমিত যাত্রা শুরু করার স্থান থেকে দক্ষিণ-পূর্ব দিকে আছে।

100(d):

| | | | | |
|---|---|---|---|---|
| | C | A | R | D |
| | ↓+6 | ↓+6 | ↓+6 | ↓+6 |
| | I | G | X | J |
| একইভাবে, | P | O | S | T |
| | ↓+6 | ↓+6 | ↓+6 | ↓+6 |
| | V | U | Y | Z |

*প্রস্তুত করেছেন: সৌম্যদীপ মণ্ডল*

# কল্যাণী এইমসে জুনিয়র রেসিডেন্ট

বিভিন্ন বিভাগে ৮৪ জন জুনিয়র রেসিডেন্ট (নন-অ্যাকাডেমিক) নেবে কল্যাণীর অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্ব-শাসিত সংস্থা। ৬ মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। যাঁরা আগের ২ দফায় জুনিয়র রেসিডেন্ট হিসেবে কাজ করেছেন, তাঁরা আর আবেদন করবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1650 /E-12015/ 25 /26-(SR/T/JR).

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৩৪, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৮। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় এমএমবিএস। ২৪ অগস্ট, ২০২৬ সালের মধ্যে এমবিবিএস পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে।

**বয়স:** ২৪-৮-২০২৬ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ষষ্ঠ বেতন কমিশন অনুসারে ১৫,৬০০-৩৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৮ সেপ্টেম্বর।

অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে এই লিংকের মাধ্যমে: https://forms.gle/4f8GaA6iePAsazbC9 প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ২৪ অগস্ট পর্যন্ত। এরপর দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে।

দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://aiimskalyani.edu.in দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করবেন। পরীক্ষার দিন অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত সঙ্গে নিয়ে যাবেন।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার (তফসিলি ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'AIIMS KALYANI INTERNAL RESOURCES ACCOUNT'-এর অনুকূলে কল্যাণীতে প্রদেয় হতে হবে। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

দরখাস্তের পদ্ধতি-সহ আরও খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://aiimskalyani.edu.in

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটের শূন্যপদ আরও বাড়তে পারে

**নিজস্ব প্রতিনিধি:** দেশের ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১,৪০৩ জন কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট নিয়োগের প্রক্রিয়া শুরু করেছে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। ২১ অগস্ট পর্যন্ত আবেদন করা যাবে। নিয়োগের প্রক্রিয়া চলাকালীন শূন্যপদ বৃদ্ধির যথেষ্ট সম্ভাবনা রয়েছে। আইবিপিএসের তরফে জানানো হয়েছে, ঘোষিত শূন্যপদের সঙ্গে কয়েকটি ব্যাঙ্কের ব্যাকলগ ভ্যাকেন্সি তথা আগে থেকে খালি পড়ে থাকা শূন্যপদ যুক্ত হতে পারে।

উল্লেখ্য, রাজ্য ও ব্যাঙ্ক অনুসারে শূন্যপদ প্রকাশ করেছে আইবিপিএস। প্রার্থী যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, তাঁকে সেই রাজ্যের সরকারি ভাষা লিখতে পড়তে ও বলতে জানতে হবে। আগে সব প্রার্থীকেই লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট দিতে হত। এবারের নিয়োগ বিজ্ঞপ্তিতে (সিআরপি সিএসএ-১৬) আইবিপিএস জানিয়েছে, মাধ্যমিক বা উচ্চ শিক্ষাগত স্তরে সংশ্লিষ্ট আঞ্চলিক ভাষাটি নিয়ে পড়াশোনা করার প্রমাণ হিসেবে মার্কশিট বা সার্টিফিকেট দাখিল করতে পারলে লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্টে বসতে হবে না। অন্যথায়, মেন পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট দিতে হবে। এ পরীক্ষায় বিফল হলে চাকরি হবে না। উল্লেখ্য, পশ্চিমবঙ্গ ছাড়াও অসম ও ত্রিপুরায় বাংলা ভাষা আঞ্চলিক সরকারি ভাষা হিসেবে গণ্য করা হয়।

# সেনাবাহিনীতে অফিসার

## এন সি সি-র 'সি' সার্টিফিকেটধারীরা আবেদন করবেন

শর্ট সার্ভিস কমিশনের মাধ্যমে ট্রেনিং দিয়ে ৭০ জন পুরুষ ও ৬ জন মহিলা অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। এন সি সি স্পেশ্যাল এন্ট্রি স্কিমের ১২৫তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২৭ সালের এপ্রিলে। ছয় মাসের প্রবেশন। প্রার্থীকে অবিবাহিত হতে হবে। যেসব প্রার্থী ১২৫তম এস এস সি কোর্সের (নন-টেকনিক্যাল) জন্য কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসের পরীক্ষা দিয়েছেন, তাঁরা এই কোর্সের জন্য আবেদন করবেন না।

পুরুষদের ৭০টি শূন্যপদের মধ্যে ৬৩টি সাধারণ ও ৭টি সেনাবাহিনীতে কর্মরত অবস্থায় মৃত বা আহত সৈনিকের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। মহিলাদের ৬টি শূন্যপদের মধ্যে ৫টি সাধারণ ও ১টি সেনাবাহিনীতে কর্মরত অবস্থায় মৃত বা আহত সৈনিকের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট ডিগ্রি বা সমতুল। সেইসঙ্গে এনসিসি-র সিনিয়র ডিভিশন বা উইংয়ে কমপক্ষে দু'টি শিক্ষাবর্ষের জন্য অংশ নিয়ে 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড পেয়ে থাকতে হবে। যুদ্ধে নিহত বা আহত বা নিখোঁজ সমরকর্মীদের সন্তানদের ক্ষেত্রে এনসিসি-র 'সি' সার্টিফিকেট না থাকলেও চলবে। চূড়ান্ত বর্ষে পাঠরতরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে ১-৪-২০২৭ তারিখের মধ্যে সমস্ত শিক্ষাবর্ষের মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্ম তারিখ হওয়া চাই ২-১-২০০২ থেকে ১-১-২০০৮-এর মধ্যে।

দরখাস্তের ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের সার্ভিস সিলেকশন বোর্ড (এসএসবি)-এর দু'পর্যায়ের পরীক্ষা নেওয়া হবে। ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে প্রয়াগরাজ, ভোপাল, বেঙ্গালুরু এবং জলন্ধরে। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হতে না পারলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের গ্রুপ টেস্ট, সাইকোলজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ নেওয়া হবে। এতে সফল হলে মেডিক্যাল টেস্ট। পরীক্ষা চলবে ৫ দিন ধরে। বিনা খরচে থাকা-খাওয়ার ব্যবস্থা আছে।

নির্বাচিত প্রার্থীদের ৪৯ সপ্তাহের ট্রেনিং দেওয়া হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শেষে মাদ্রাজ বিশ্ববিদ্যালয় থেকে ডিফেন্স ম্যানেজমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা সার্টিফিকেট পাবেন। ট্রেনিং সম্পূর্ণ হওয়ার পব লেফটেন্যান্ট র‍্যাঙ্কে ভারতীয় সেনাবাহিনীতে নিয়োগ করা হবে। পরবর্তীকালে ধাপে ধাপে ক্যাপ্টেন, মেজর, লেফটেন্যান্ট কর্ণেল, লেফটেন্যান্ট জেনারেল র‍্যাঙ্কে উন্নীত হওয়ার সুযোগ থাকছে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাবেন মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে পুরুষদের ক্ষেত্রে ২০ অগস্ট ও মহিলাদের ক্ষেত্রে ২১ অগস্ট পর্যন্ত। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্র সহ প্রিন্ট আউটের একটি কপি ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে। অন্য প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

দৈহিক মাপজোক, দৃষ্টিশক্তি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


TECHNO INDIA GROUP
TECHNO MAIN SALTLAKE
TECHNO INDIA UNIVERSITY
SECTOR V, SALT LAKE, KOLKATA, INDIA

ADMISSION NOTICE 2026

1.B.Sc, M.Sc & Ph.D : Geospatial Science, Geoinformatics, Forensic Science, Data Analytics and AI, Cyber Security, Agriculture Science, Applied Psychology
Helpline: 8697718304

2.BBA(H), BCA(H), Ph.D: Business Analytics, AI-ML, Data Science, Cybersecurity
Helpline: 08062642222

3.MBA, MCA, M.Sc (Computer Sc.) M.Tech (CSE), Ph.D. For TIU & IBM (Dual Certification)
Helpline: 08062642222

4.B.Tech, M.Tech, Ph.D : ME, EE, Civil, ECE, CSBS, CSE, IT, Bio Technology, Food Technology
Helpline: 9836544417/18/19

5.GNM (3 yrs), B.Sc Nursing (4 yrs), Post Basic Nursing (2 yrs)
Helpline: 9836544410

6.D.Pharm, B.Pharm, P.hD.
Helpline: 9836544411/12

7.BBA(H), BCA(H)
Helpline 9831817308

8.BMLS, BAOTT, BCVT, MMLS
Helpline: 8697718304


## ৪৫ দিনের আবাসিক প্রশিক্ষণ

# অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে এইচডিএফসি ব্যাঙ্ক

## শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট

**নিজস্ব প্রতিনিধি:** ফ্রেশার গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েটদের ৪৫ দিনের আবাসিক কোর্সে প্রশিক্ষণ দিয়ে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগ করবে এইচডিএফসি ব্যাঙ্ক। এসিই ব্যাঙ্কার প্রোগ্রাম (অ্যাকসিলারেট কাস্টমার এক্সপেরিয়েন্স ব্যাঙ্কার প্রোগ্রাম) নামের এই প্রশিক্ষণটি পরিচালিত হবে নিট আইএফবিআইয়ের সঙ্গে যৌথ উদ্যোগে।

এই প্রতিষ্ঠান ব্যাঙ্কিং, আর্থিক পরিষেবা ও বিমা ক্ষেত্রে প্রশিক্ষিত মানব সম্পদ গড়ার প্রশিক্ষণ দেয়।

ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে কোর্সে সফলরা অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগ পাবেন।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েটরা এই প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারেন। গ্র্যাজুয়েশনে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২১ বছরের মধ্যে। প্রার্থীর ব্যাঙ্কিং পরিষেবা ক্ষেত্রে কেরিয়ার গড়ার আগ্রহ থাকতে হবে।

অনলাইন অ্যাসেসমেন্টের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। প্রশিক্ষণ আয়োজিত হবে নিট আইএফবিআইয়ের বিভিন্ন ক্যাম্পাসে।

ব্যাঙ্কের আর্থিক পণ্য, ব্যাঙ্কিং অপারেশন, ব্যাঙ্ক-ক্রেতা সম্পর্ক নিবিড় করার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। ৪৫ দিনের কোর্স।

প্রশিক্ষণের ফি: প্রতিষ্ঠানের হোস্টেলে থাকা, খাওয়া ও প্রশিক্ষণ বাবদ জিএসটি-সহ মোট ফি ১,৭৭,০০০ টাকা। শিক্ষাঋণ পাওয়ার সুযোগ রয়েছে। ব্যাঙ্ক কর্তৃপক্ষ জানিয়েছেন, প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড বাবদ ৭,৫০০ টাকা পাওয়া যাবে। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে চাকরির শুরুতে বার্ষিক বেতন ৪ লক্ষ ৪০ হাজার টাকা।

আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://learnforjobs.niit.com/india/graduates/banking-and-finance/hdfc-bank-ace-banker-program খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটেই।

इंस्टीट्यूट ऑफ बैंकिंग पर्सोनेल सिलेक्शन®

INSTITUTE OF BANKING PERSONNEL SELECTION

IBPS

**সিআরপি সিএসএ -XVI**

**অংশগ্রহণকারী পাবলিক সেক্টর ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস (সিএসএ) নিয়োগের জন্য কমন রিক্রুটমেন্ট প্রসেস (সিআরপি)**

**(২০২৭-২৮-এর শূন্যপদ)**

অফিসিয়াল ওয়েবসাইট: www.ibps.in

খোঁজখবর/অভিযোগের ক্ষেত্রে লগ ইন করুন এইখানে: https://cgrs.ibps.in

অংশগ্রহণকারী পাবলিক সেক্টর ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট (সিএসএ) পদে নিয়োগ ও মনোনয়নের জন্য আসন্ন কমন রিক্রুটমেন্ট প্রসেস (সিআরপি সিএসএ-XVI) -এর নিমিত্ত অনলাইন পরীক্ষা (প্রিলিমিনারি এবং মেন) সম্ভাব্যরূপে নিম্নোক্ত শিডিউল মেনে অনুষ্ঠিত হবে:

গুরুত্বপূর্ণ তারিখ

| অ্যাক্টিভিটি | সময়সীমা |
|---|---|
| প্রার্থী কর্তৃক অনলাইন রেজিস্ট্রেশন | ০১.০৮.২০২৬ থেকে ২১.০৮.২০২৬ |
| দরখাস্ত ফি/ইন্টিমেশন চার্জের পেমেন্ট | ০১.০৮.২০২৬ থেকে ২১.০৮.২০২৬ |
| দরখাস্ত ফর্ম পরিবর্তন/সংশোধন করার জন্য (এডিটের জন্য অনলাইন পেমেন্ট সহ) প্রার্থীদের এডিট উইন্ডো | রেজিস্ট্রেশন বন্ধের পরে (অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইটে বিজ্ঞাপিত হবে) |
| প্রি-এগজ্যামিনেশন ট্রেনিং পরিচালনা (পিইটি) | সেপ্টেম্বর, ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – প্রিলিমিনারি | অক্টোবর, ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – প্রিলিমিনারি-এর ফলাফল | নভেম্বর, ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – মেন | ডিসেম্বর, ২০২৬ |
| প্রভিশনাল অ্যালটমেন্ট | মার্চ, ২০২৭ |

**বিশদ বিবরণ ও আপডেটের জন্য প্রার্থীদের নিয়মিতভাবে অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইট www.ibps.in দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে।**

যেসব প্রার্থী সিআরপি সিএসএ XVI-এর জন্য দরখাস্ত করতে আগ্রহী, তাদের বিশদ বিজ্ঞপ্তি স্বযত্নে পড়ে নিতে এবং অনলাইনে রেজিস্টার করার পূর্বে নির্ধারিত তারিখে তারা যেন উপযুক্ততার ন্যূনতম শর্ত পূরণ করেন এই মর্মে সুনিশ্চিত করে নিতে পরামর্শ দেওয়া হচ্ছে। প্রার্থীদের অবশ্যই বিস্তারিত বিজ্ঞপ্তিতে উল্লেখিতমতো নির্দেশাবলি মেনে চলতে হবে।

মুম্বই

তারিখ: ০১.০৮.২০২৬

ডিরেক্টর

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in